

প্রাতিষ্ঠানিক গবেষণা

# বাংলাদেশের প্রবীণদের মনঃসামাজিক অবস্থা : একটি মনঃসামাজিক সমীক্ষা



তোফাজ্জেল হোসেন মঞ্জু

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)  
বাড়ি নং ২০, সড়ক নং ১১ (পুরাতন-৩২), ঢাকা-১২০৯

সহায়তায়

সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদ

পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডিসেম্বর- ২০১৯



প্রাতিষ্ঠানিক গবেষণা

# বাংলাদেশের প্রবীণদের মনঃসামাজিক অবস্থা : একটি মনঃসামাজিক সমীক্ষা



তোফাজ্জেল হোসেন মঞ্জু

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)  
বাড়ি নং ২০, সড়ক নং ১১ (পুরাতন-৩২), ঢাকা-১২০৯

সহায়তায়

সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদ

পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডিসেম্বর- ২০১৯



## মুখবন্ধ

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) বিগত প্রায় ৩০ বছর ধরে প্রবীণদের মানবাধিকার, উন্নয়ন উদ্যোগে অন্তর্ভুক্তির জন্য গবেষণা, এডভোকেসি ও সরাসরি কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। ১৯৯০ সনে নরসিংদী জেলার পলাশ উপজেলার জিনারদী ইউনিয়নের প্রবীণদের জন্য সমন্বিত উন্নয়ন উদ্যোগ বাস্তবায়নের মাধ্যমে যার শুরু হয়েছে। এই উদ্যোগের মধ্যে প্রবীণদের মৌলিক অধিকারের সবগুলি বিষয় চিহ্নিত করা হয়। এই কার্যক্রমের আওতায় আয় বৃদ্ধি, স্বাস্থ্য, সামাজিকায়ন, বিনোদন সব বিষয়ে সহায়তা দেওয়া হয়। ফলে প্রবীণদের জীবন অনেকটা পাল্টে যায়। জিনারদীর সফলতা থেকে অনুপ্রাণিত হয়ে রিক তার কর্ম এলাকায় প্রবীণদের সমন্বিত কর্মসূচির বিস্তার ঘটায়। রিক ২০০৪ সনে ওল্ডার সিটিজেন মনিটরিং প্রোগ্রাম- ওসিএমপি নামে উদ্ভাবনশীল প্রকল্প বাস্তবায়ন করে। এ প্রকল্পের ফলে শক্তিশালী প্রবীণ সংগঠন গড়ে উঠে, স্থানীয় সরকার এর সাথে পার্টনারশীপ ও সেবাদাতারা প্রবীণদের সাথে সংবেদনশীল আচরণ করতে শুরু করে। ওল্ডার সিটিজেন মনিটরিং প্রোগ্রাম (ওসিএমপি) পিরোজপুরের শ্রীরামকাঠি ও গাজীপুরের পুর্নাইল ইউনিয়নে বাস্তবায়িত হয়। ওসিএমপি এর ধারাবাহিকতায় ২০০৮ সন থেকে ২০১৫ সন পর্যন্ত প্রায় ৭টি জেলায় ৪০ টি ইউনিয়নে শক্তিশালী প্রবীণ সংগঠন ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের উদ্যোগ বিকশিত হয়। প্রবীণদের কর্মসূচির অভিজ্ঞতা থেকে রিক তাদের মনঃসামাজিক অবস্থার গুরুত্ব দেয় এবং এ বিষয়ে গবেষণায় আগ্রহী হয়। এ আগ্রহ থেকেই সমাজ বিজ্ঞান গবেষণা পরিষদের সাথে সংস্থা চুক্তিবদ্ধ হয়। কিন্তু প্রথমে গবেষণা পদ্ধতির ভুলত্রুটির কারণে গবেষণার নকশা সম্পূর্ণ রূপে পরিবর্তন করা হয়। পরিবর্তিত গবেষণা পরিকল্পনা অনুযায়ী তথ্য সংগ্রহ সম্পন্ন হলে মূল গবেষক তোফাজ্জেল হোসেন মঞ্জুর ওপেন হার্ট সার্জারীর কারণে কাজটি বিলম্বিত হয়। অনেক চড়াই উত্থাই পেরিয়ে গবেষণা প্রতিবেদন লেখা সম্পন্ন হয়েছে। এজন্য রিক টীমের সকল সদস্য, তোফাজ্জেল হোসেন মঞ্জুর, মোঃ শামীম জাফর, মোখলেসুর রহমান, নজরুল ইসলাম, খুকু, এবং স্বপনকে ধন্যবাদ জানাচ্ছি। প্রতিবেদনের বিভিন্ন পর্যায়ে রিকের নির্বাহী কমিটির ভারপ্রাপ্ত সভাপতি শরীফ শামসীর ও নির্বাহী সদস্য এডভোকেট সাফিয়া এবং আব্দুর রশিদ, উপ-মহাব্যবস্থাপক, কার্যক্রম, রিক সম্পাদনা পর্যায়ে সহায়তা দিয়েছেন। এ সহায়তা প্রতিবেদনের মান উন্নয়নে ভূমিকা পালন করেছেন।

সবিশেষ কৃতজ্ঞতা জানাচ্ছি এ ৬ ইউনিয়নের প্রবীণ অংশগ্রহণকারীদের যাদের স্বতঃস্ফূর্ত সহযোগিতা ব্যতীত এ প্রতিবেদন লেখা সম্ভব ছিলনা। সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদের সহকারী পরিচালক উত্তম কুমার দাশ ও গবেষণা কর্মকর্তা মোঃ সাখাওয়াত হোসেন এর ঐকান্তিক উৎসাহ ও প্রশ্নাতীত সহযোগিতায় এ গবেষণাকে আলোর মুখ দেখতে সহায়তা করেছেন তাদের প্রতি অশেষ কৃতজ্ঞতা জানাচ্ছি।

আবুল হাসিব খান

নির্বাহী পরিচালক

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

## গবেষণার সারসংক্ষেপ

স্বাস্থ্যের মান শুধু দৈহিক নয়, মানসিক স্বাস্থ্যের উপর। তাই প্রবীণদের মানসিক স্বাস্থ্যের উপর অনুসন্ধানের এই গবেষণা গুরুত্বের দাবী রাখে। বাংলাদেশ হচ্ছে পৃথিবীর সপ্তম বৃহত্তর জনসংখ্যার (২০১১ সনের আদমশুমারী অনুসারে জনসংখ্যা ১৫ কোটি ৪০ লক্ষ ৫১ হাজার)<sup>১</sup>। জনবহুল দেশ এবং প্রতি বর্গমাইলে ১০১৫ জন বসবাস করাই ঘন বসতি দেশগুলোর অন্যতম। ২০১১ সনের শুমারী প্রতিবেদন অনুসারে বাংলাদেশে ষাটোর্ধ্ব জনসংখ্যা মোট জনসংখ্যার শতকরা ৭.৭ ভাগ। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর হিসাব অনুযায়ী বাংলাদেশে ষাটোর্ধ্ব জনসংখ্যা ২০২০ সনে মোট জনসংখ্যার ৮.৬৭, ২০২৫ সনে এটা ১০.০৯% এবং ২০৫০ সনে এটা ১৭%। প্রবীণ জনসংখ্যার বেশীরভাগই ৬০ বছরের একটু উপরে। ৬০-৬৫ বছরের প্রবীণ হচ্ছেন বাংলাদেশে মোট প্রবীণ জনগোষ্ঠীর এক তৃতীয়াংশ।<sup>২</sup> অর্থনৈতিকভাবে সক্রিয় আছেন মাত্র মোট প্রবীণের ১৬%, আর বেশীর ভাগ কৃষিতে আত্মকর্মসংস্থানে নিয়োজিত। ৬৮% অর্থনৈতিকভাবে কর্মহীন।<sup>৩</sup> সংখ্যাগতভাবে বাংলাদেশে পরিসংখ্যান ব্যুরোর হিসাব অনুযায়ী ২০১৫ সনে প্রবীণদের মোট সংখ্যা ১ কোটি ২৮ লক্ষ, ২০২০ সনে ১ কোটি ৪০ লক্ষ এবং ২০২৫ সনে ১ কোটি ৭২ লক্ষ। প্রবীণদের স্বাস্থ্যের মান প্রবীণদের জীবনের গুরুত্বপূর্ণ অংশ।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ইনস্টিটিউটের অধ্যাপক এবং বাংলাদেশ প্রবীণ হিতৈষী সংঘ এর মহাসচিব, ড: এ.এস.এম আতীকুর রহমান, জার্মান বেতারের বাংলা বিভাগে “প্রবীণবান্ধব বাংলাদেশ: প্রয়োজনীয়তা, কর্মকৌশল এবং সরকারি-বেসরকারি ভূমিকা” শীর্ষক একটি সংবাদ ভাষ্যে বলেন, “সংখ্যায় বাংলাদেশের প্রবীণরা কেবল দ্রুত বাড়ছেন, তাই নয়; এঁদের মৌলিক প্রয়োজন মেটানোর মতো পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রিক সক্ষমতা ক্রমেই জটিল আকার ধারণ করছে। বার্ষিক্য আমাদের জাতীয় জীবনের জন্য আজ একটি মারাত্মক চ্যালেঞ্জ। এক্ষেত্রে যে অবস্থাটি বেশি উদ্বেগজনক, তা হলো দ্রুত বর্ধমান বার্ষিক্যের ধাক্কা মোকাবেলায় ন্যূনতম চিন্তা-ভাবনা, প্রস্তুতি এবং বন্দোবস্ত আমাদের জনগণের ব্যক্তি, দম্পতি বা পরিবার পর্যায়ে প্রায় নেই বললে অতুষ্টি হবে না। বার্ষিক্য বিষয়ে এখন পর্যন্ত আমরা একান্তই রি-অ্যাক্টিভ; কিন্তু আমাদেরকে অবশ্যই প্রো-অ্যাক্টিভ হতে হবে। দেশে একটা প্রবাদ আছে, সময়ের এক ফোঁড় আর অসময়ের দশ ফোঁড়! বাংলাদেশের বিরাট সংখ্যক নাগরিক নানা ধরনের প্রতিবন্ধিতা, অটিজমে আক্রান্ত এবং সমাজ বিচ্ছিন্ন। আমাদের সাধারণের ধারণা যে, প্রতিবন্ধিতা এবং অটিজম সম্ভবত শিশুদের ব্যাপার। বাস্তবতা হলো, এ ধরনের চ্যালেঞ্জের সম্মুখীন ব্যক্তিবর্গ একসময় প্রবীণ হবেন। আবার, বার্ষিক্যে পৌঁছে অনেকেই বিভিন্ন প্রতিবন্ধিতায় আক্রান্ত হন। প্রশ্ন হচ্ছে, প্রতিবন্ধী প্রবীণদের জন্যে আমরা কি ন্যূনতম কোনো কর্মসূচি গ্রহণের কথা ভেবেছি? ভাবিনি; এটি আমাদের এক ধরনের বয়স বৈষম্যজনিত গাফিলতি। পর্যবেক্ষণে দেখা যায় যে, প্রবীণ পুরুষের তুলনায় প্রবীণ নারীরা বেশিদিন বাঁচেন। অধিকাংশই আবার বিধবা হয়ে আমাদের সমাজে তাঁরা বেশি মাত্রায় অবহেলা, দুর্ব্যবহার এবং বৈষম্যের শিকার হচ্ছেন।

বাংলাদেশের প্রবীণদের মনঃসামাজিক অবস্থার উপর কোনো গবেষণা নেই। সাধারণভাবে প্রবীণদের মানসিক স্বাস্থ্য বিষয়ে কোনো তথ্য নেই বললে চলে। বাংলাদেশের সকল জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্যের গুরুত্ব ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। ২০১৮ সালের মানসিক স্বাস্থ্য আইন ২০১৮ অনুমোদিত হয়েছে। বাংলাদেশে সামাজিক মনস্তাত্ত্বিক গবেষণা বেশির ভাগ উন্নয়ন কর্মসূচির অংশ। কিন্তু ক্রমবর্ধমান প্রবীণ জনগোষ্ঠী এখন উন্নয়ন কর্মসূচির অন্তর্ভুক্ত হননি। কাজেই প্রবীণদের মানসিক স্বাস্থ্য বিষয়টি প্রবীণদের প্রতি সামগ্রিক অবহেলার অংশ হয়েছে। ফলে প্রবীণদের মনঃসামাজিক সমস্যা নিয়ে একাডেমিক ও প্রয়োগিকভাবে গবেষণার কোনো উদ্যোগ নেওয়া হয়নি। বাংলাদেশে ৬৯% মৃত্যু অসংক্রামক রোগে বা নন কমিউনিক্যাবল ডিজিজ (এনসিডি) এর কারণে হচ্ছে। প্রবীণ বয়সে অসংক্রামক রোগের ঝুঁকি ও মানসিক স্বাস্থ্যের নিবিড় সম্পর্ক রয়েছে। এই প্রেক্ষিতে রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) প্রবীণদের মনঃসামাজিক অবস্থার উপর গবেষণার একটি প্রথম উদ্যোগ গ্রহণ করছে। এই গবেষণার উদ্দেশ্য প্রবীণদের মনঃসামাজিক অবস্থার সামগ্রিক চিত্র তুলে ধরা। গবেষণার ধারণা কাঠামোতে

<sup>১</sup> পপুলেশন ও হাউজিং সেন্সাস রিপোর্ট, ২০১১; পরিকল্পনা মন্ত্রণালয়, গণপজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

<sup>২</sup> পপুলেশন মনোগ্রাম, বাংলাদেশে পরিসংখ্যান ব্যুরো, ২০১৫

<sup>৩</sup> পপুলেশন মনোগ্রাম, বাংলাদেশে পরিসংখ্যান ব্যুরো, ২০১৫

বয়স ভেদে মনঃসামাজিক সংকটের বিশ্লেষণ তুলে ধরেছে। একই সঙ্গে প্রবীণদের চাহিদাভিত্তিক মনঃসামাজিক বিশ্লেষণ একটি কাঠামোর প্রস্তাবনা তুলে ধরা হয়েছে। গবেষণা পর্যালোচনায় প্রায় দশটি গবেষণা অন্তর্ভুক্ত করা হয়েছে। এই গবেষণাগুলি থেকে প্রবীণদের মনঃসামাজিক অবস্থার সাথে প্রাসঙ্গিক ইস্যুগুলি চিহ্নিত করা হয়েছে। গবেষণা পদ্ধতি ও গবেষণা বিশ্লেষণে মনোযোগের সাথে কিছু বিষয় নির্দিষ্ট করার চেষ্টা করা হয়েছে। গবেষণা এলাকা নির্বাচন করা হয়েছে তিনটি জেলার ৬টি ইউনিয়নে। এই তিনটি জেলা হচ্ছে পিরোজপুর, মুন্সিগঞ্জ ও গাজীপুর। তিনটি ইউনিয়ন নির্বাচন করা হয়েছে কর্মসূচির ভিত্তিতে। উক্ত তিনটি ইউনিয়নকে রিক-এর সহায়তায় প্রবীণ সংগঠন ও কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে। অন্যদিকে Control হিসেবে নেওয়া হয়েছে পার্শ্ববর্তী ইউনিয়ন, যেখানে প্রবীণদের অধিকার রক্ষার কোনো উদ্যোগ নেওয়া হয়নি। উপাত্ত সংগ্রহে সংখ্যাগত ও গুণগত উভয় পদ্ধতি গ্রহণ করা হয়েছে। সংখ্যাগত পদ্ধতিতে ৬টি ইউনিয়নে ৩৬০ জন প্রবীণ উত্তরদাতা/দাত্রীদের খানা আধা অবকাঠামোগত প্রশ্নপত্রের মাধ্যমে জরিপ করা হয়েছে। গুণগত পদ্ধতিতে প্রতি ইউনিয়নে ২টি করে ফোকাস গ্রুপ ডিসকাশন (এফজিডি), মূল তথ্যদাতা ও সুগভীর তথ্যদাতাদের সাক্ষাৎকার নেওয়া হয়েছে। প্রবীণদের জনসংখ্যাভিত্তিক তথ্যে দেখা যায় যে বর্তমানে ৬৬.২% প্রবীণ বিবাহিত। আবার ২৯.৬% প্রবীণ নারী বিধবা, আর বিপত্তীক প্রবীণ পুরুষ হচ্ছে মাত্র ৩.১%। বয়সভেদে প্রবীণদের তিন ভাগে ভাগ করা হয়েছে—এর মধ্যে তরুণ প্রবীণ ৬০-৬৯ বছর। এই তরুণ প্রবীণরাই হচ্ছে ৫৮.৪%। এছাড়া শিক্ষা ও বসবাসের ধরনের তথ্য এই অধ্যায়ে তুলে ধরা হয়েছে। প্রবীণদের মনের সাথে বস্তুগত অবস্থার সম্পর্ক রয়েছে। প্রবীণদের বস্তুগত অবস্থার মধ্যে তাদের কর্মসংস্থান পেশা, আয়, ব্যয়, কোন ধরনের বাড়ীতে বাস করেন, টয়লেট ও পানি ব্যবহার অন্তর্ভুক্ত করা হয়েছে। এখানে দেখা গেছে ৫৫.৮% প্রবীণই অক্ষম। প্রবীণদের অসুস্থতা নিয়ে আলোচনায় প্রবীণরা বলেছেন তাদের অসুস্থতায় শারীরিক বিষয়গুলি বেশি প্রাধান্য পায়। তবে তারা স্বীকার করেছেন, স্বাস্থ্য সমস্যায় শুধু শরীর নয় মনের শক্তি, সাহস, স্থিরতা অনেক গুরুত্বপূর্ণ। প্রবীণদের স্বাস্থ্য সমস্যার উত্তর বহুমাত্রিক। অর্থাৎ প্রবীণ শুধু একটি রোগে আক্রান্ত নয়—একই সঙ্গে অনেকগুলো রোগে আক্রান্ত ও চিকিৎসা বঞ্চিত। প্রবীণদের বর্তমান অবস্থা সম্পর্কে বিশ্বাস ও মনোভাব থেকেই মনঃসামাজিক সম্পর্ক তৈরি হয়। মনঃসামাজিক সম্পর্ক বলতে প্রবীণদের চিন্তা, আবেগ, অনুভূতি, আচরণকে কেন্দ্র করে সামাজিক সম্পর্কের যে রূপান্তর ও পুনর্বিন্যাস ঘটে থাকে তাকে বুঝানো হচ্ছে। প্রবীণদের নিকট প্রথম প্রশ্নটি ছিল আপনারা এ জীবন নিয়ে কি সন্তুষ্ট? এ প্রশ্নের জবাবের সাথে প্রবীণদের মনের একটি প্রধান প্রবণতা জানা যায়। সন্তুষ্ট অসন্তুষ্ট দুটিই জরুরি মনস্তাত্ত্বিক বিষয়। এর মধ্যে ৩০.৩% পুরুষ প্রবীণ ও ২২.৫% নারী প্রবীণরা সন্তুষ্ট। নারীদের চেয়ে পুরুষরা বেশি সন্তুষ্ট। অবসর জীবন ও বিনোদন প্রবীণদের মনঃসামাজিক অবস্থার মূল্যায়নে জরুরি। প্রবীণরা অবসর সময় কিভাবে কাটাচ্ছেন এর উপর প্রবীণ জীবনে মানসিক কল্যাণ বহুলাংশে নির্ভর করে। আবার স্বাস্থ্যকর অবসর সময় শারীরিক সুস্থতার জন্যও জরুরি। প্রবীণ বয়সের অভ্যাস বিশেষ করে, সিগারেট, পান জর্দার অভ্যাস শুধু শারীরিক ক্ষতি নয়, আত্মনিয়ন্ত্রণের ক্ষমতা হ্রাস করে। আত্মনিয়ন্ত্রণের অভাব, দুর্বলতা থাকলে মনঃসামাজিক সমস্যা তৈরি হতে পারে। সাধারণভাবে প্রবীণদের প্রতি রুঢ় ব্যবহার ও তার মানসিক প্রতিক্রিয়া থেকে মানসিক সংকটের সূচনা হয়। এরিকসনের মনঃসামাজিক মডেলের বিশ্লেষণ থেকে পাই যাটোর্ধ্ব প্রবীণদের মাঝে সফলতা ও বিফলতা বোধ প্রখর হতে থাকে। যে কোনো রুঢ় ব্যবহার, যার কাছ থেকে আসুকনা কেন মানসিক চাপ তৈরি করে। তার প্রতিক্রিয়ায় শুধু মানসিক নয় শারীরিক অসুস্থতাও বৃদ্ধি পেতে পারে।

এ গবেষণায় প্রবীণদের প্রতি রুঢ় ব্যবহারের অভিজ্ঞতার উপর প্রশ্ন করা হয়েছিল, এসব উত্তর থেকে বোঝা যায় প্রবীণদের প্রতি রুঢ় ব্যবহার হচ্ছে এবং তা প্রবীণদের মনে গভীর মানসিক ক্ষত তৈরি করেছে। গুণগত তথ্য থেকে দেখা গেছে প্রবীণদের মনঃসামাজিক পরিস্থিতি বর্তমান শূন্য সেবাই প্রবীণদের নিয়তি। প্রবীণদের মনঃসামাজিক সমস্যাকে তিন ভাগে ভাগ করা যায়— প্রথমত: যাদের নিয়মিত মনোচিকিৎসকদের অধীনে দীর্ঘমেয়াদী চিকিৎসা দরকার। দ্বিতীয়ত, যাদের মনোরোগের প্রাথমিক আলামত রয়েছে, এখন মনোরোগ চিকিৎসকদের পরামর্শ ও চিকিৎসা পেলে স্বল্প সময়ে ভাল হয়ে উঠতে পারবেন। এখানো যারা মনঃসামাজিক সমস্যায় আক্রান্ত হননি, অথচ ঝুঁকির মধ্যে আছেন ৮০% প্রবীণ। নাগরী, কদমতলার এফজিডি অংশগ্রহণকারীরা বলেছেন দুই কারণে ঝুঁকি তৈরি হয়েছে। প্রথমত হচ্ছে ডায়াবেটিস, হৃদরোগ, ক্যান্সার সহ বর্তমানে অসংক্রামক রোগ বাড়ছে। সকল অসংক্রামক রোগীরা মানসিক চাপের মধ্যে থাকেন। এ মানসিক চাপের বিষয়টি বর্তমান চিকিৎসা পদ্ধতি আমলে নিচ্ছে না। ফলে মানসিক চাপ থেকে মনোরোগ যেমন অনিয়ন্ত্রিত উদ্বেগ, মনের ওঠানামা বাড়ছে। প্রবীণদের ক্ষেত্রে অন্য বয়সীদের তুলনায় এ ঝুঁকি বেশি। কারণ প্রবীণ বয়সের শারীরিক শক্তির

সাথে মনের শক্তির ক্ষয় হয়। ফলে দ্রুত তারা মনোরোগের শিকার হন। এফজিডি আলোচনা থেকে সকলে একমত হন প্রবীণ মনঃসামাজিক ঝুঁকি চিহ্নিত হয়নি, ফলে সমাজে এ বিষয়ে কোন সচেতনতা নেই। প্রবীণদের মনঃসামাজিক সংকটের ব্যক্তিগত কাহিনি থেকে বেরিয়ে এসেছে প্রবীণদের ব্যক্তি পর্যায় মনঃসামাজিক সংকট ভিন্ন ভিন্ন। মনঃসামাজিক সংকট তৈরি হবার কারণে জীবন বড়ই অস্থির হয়ে পড়ে। সকলেই ভুগতে থাকে জটিলতর জীবন যন্ত্রণায়। এর সাথে জড়িয়ে রয়েছে আমাদের মনোরোগ ও মনঃসামাজিক অবস্থা সম্পর্কে অসচেতনতা। মনঃসামাজিক অবস্থার পরিবর্তন ও প্রবীণ সংগঠনের প্রাসঙ্গিকতা মূলত তিনটি প্রশ্নকে কেন্দ্র করে আবর্তিত হয়।

প্রথম: বর্তমানে প্রবীণদের মনঃসামাজিক পরিস্থিতি কি?

দ্বিতীয়: কী ধরনের উদ্যোগ হলে প্রবীণদের মনঃসামাজিক অবস্থার ইতিবাচক উন্নতি হতে পারে?

তৃতীয়: প্রবীণদের সংগঠন কিভাবে প্রবীণদের মনঃসামাজিক অবস্থার উন্নতিতে ভূমিকা পালন করতে পারবে?

প্রবীণদের সংগঠনের ভূমিকা : পিরোজপুরের কদমতলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বলেছেন, প্রবীণ সংগঠনকে প্রশিক্ষণ দিয়ে প্রস্তুত করুন, তারা প্রবীণদের মানসিক স্বাস্থ্য উন্নতিতে ইতিবাচক সামাজিক পরিবেশ তৈরি করতে পারবেন। প্রবীণ সংগঠন হচ্ছে পরিবর্তনের চালিকা শক্তি। স্বাস্থ্যকর্মী ও প্যারামেডিক স্বীকার করেছেন প্রবীণ সংগঠন কাজে লাগাতে পারলে প্রবীণদের মনঃসামাজিক অবস্থার কঠিন কাজটাও সহজ হয়ে যাবে।

১. মোট উত্তরদাতাদের এক পঞ্চমাংশই নিরক্ষর, তাদের হার হচ্ছে ২১%। এট অনস্বীকার্য আধুনিক সমাজে প্রবীণ বয়সে নিরক্ষরতা এক অভিশাপ স্বরূপ। বাড়ির মালিকানাতে প্রবীণদের আধিপত্য হ্রাস পেয়েছে। এ হ্রাস পাওয়া খুবই গুরুত্বপূর্ণ।
২. সাধারণভাবে কর্মসংস্থান হচ্ছে আর্থসামাজিক ও পরিবারের ক্ষেত্রে ক্ষমতার বড় উৎস। কর্মসংস্থানের দিক দিয়ে প্রবীণদের অবস্থা খুবই নাজুক, অর্ধেকেরও বেশী ৫৫.৮% প্রবীণ কাজে অক্ষম ও নির্ভরশীল। স্বাভাবিকভাবে পুরুষের চেয়ে নারীরা কর্মসংস্থানে অক্ষম বেশী। অক্ষমতার ব্যাখ্যা হচ্ছে, যারা শারিরিক, মানসিক বা অন্যান্য বাধার কারণে কাজের সুযোগ থাকা স্বত্ত্বেও কাজ করতে পারছেন না। কাজ করার অক্ষমতা তাদের নির্ভরশীল ও মানসিকভাবে দুর্বল করে দিয়েছে।
৩. এ গবেষণার সংখ্যাগত ফলাফলে দেখা যাচ্ছে, অধিকাংশ নারী-পুরুষ একক পরিবারে বসবাস করছে। এটি একটি ঐতিহাসিক রূপান্তর। একক পরিবারে সাধারণত প্রবীণদের সেবা ও সহায়তার ব্যাপারে জনবলের অভাব থাকে। ফলে প্রবীণদের জীবন যাপন কষ্টকর হয়ে পড়ে। এ গবেষণায় দেখা যাচ্ছে ৩৯.৭% পুরুষ ও ২৬.৪% নারী প্রবীণরা একক পরিবারে বসবাস করে।
৪. এ গবেষণার সংখ্যাগত ফলাফলে দেখা গেছে, বিবাহিত প্রবীণরা বেশী। বিবাহিত প্রবীণরা তুলনামূলকভাবে বিধবা-বিপত্নীক প্রবীণদের চেয়ে কম দুঃস্থ ও সংকটগ্রস্থ। কারণ প্রবীণ জীবনে বিবাহিত স্বামী স্ত্রী পারস্পরিক সহযোগিতা অনেক সমস্যা সমাধানে সহায়ক হয়।  
তবে বিধবা প্রবীণরা সবচেয়ে বেশী সংকটগ্রস্থ হন। একদিকে তাদের সম্পদের উপর মালিকানা নিয়ন্ত্রন হ্রাস পায়, অন্যদিকে স্বামীর অবর্তমানে পরিবারে তাদের অবস্থান দুর্বল হয়ে পড়ে। এ গবেষণায় ৬৬.২% প্রবীণরা বিবাহিত। ২৯.৬% প্রবীণ নারী বিধবা, ৩.১% প্রবীণ বিপত্নীক।
৫. গড় প্রত্যাশিত আয়ু ক্রমশ বাড়ায় ৬০ বছরের পরেও আরো অনেক বছর বেঁচে থাকার সম্ভবনা বেড়েছে। তবে বাংলাদেশের জনমিতিক রূপান্তরে এখনো তরুণ প্রবীণদের সংখ্যা বেশী। এ গবেষণায় অর্ধেকের বেশী ৫৮.৪% হচ্ছে তরুণ প্রবীণ। কাজেই তরুণ প্রবীণদের কেন্দ্র করে সামাজিক উদ্যোগ বাস্তবায়ন করার সুযোগ রয়েছে।
৬. এ গবেষণায় দেখা যাচ্ছে, এক পঞ্চমাংশের বেশী (২১%) প্রবীণরা নিরক্ষর। কাজেই প্রবীণদের মাঝে বাংলাদেশের নিরক্ষর জনগোষ্ঠীর বড় অংশ রয়েছে।



৭. এ গবেষণায় দেখা গেছে মাত্র ৫৬.৪% প্রবীণ নিজেদের মালিকানায বাড়ীতে বসবাস করেন। মোট প্রবীণদের একটি বড় অংশ নিজস্ব মালিকানার বাড়ী প্রবীণ জীবনের নিরাপত্তার জন্য জরুরী।
৮. এ গবেষণায় প্রবীণদের কর্মসংস্থানের একটা চিত্র পাওয়া যায়। এ চিত্র হতাশাজনক। মাত্র ৩০% আয়মূলক কর্মসংস্থানে রয়েছেন। ৫৫.৮% প্রবীণ যারা কাজ করতে অগ্রহী, কিন্তু শারীরিক, মানসিক, পরিবেশগত ও ব্যবস্থাগত কারণে আয়মূলক কাজে জড়িত হতে পারছেন না।
৯. প্রবীণরা বাসস্থানের বহুমুখী সমস্যায় আক্রান্ত। তারা সবচেয়ে বড় যে সমস্যায় জোর দিয়েছেন, তা হলো বসবাসের জায়গা থেকে দূরে টয়লেটের অবস্থান। প্রায় ১০০% প্রবীণ টয়লেট ব্যবহারের কোন না কোন সমস্যার কথা বলেছেন। কাজেই প্রবীণদের স্বস্তি ও সুস্থতার জন্য টয়লেট ব্যবস্থা উন্নত ও প্রবীণ বান্ধব করা প্রয়োজন।
১০. প্রবীণ বয়সে খাবার গ্রহণ নিয়ে সন্তুষ্টি, অসন্তুষ্টি শারীরিক মানসিক স্বাস্থ্যের সাথে সম্পর্কিত। ৭৮.৬% প্রবীণরা বলেছেন, বর্তমানে যা খাচ্ছেন তাতে তারা সন্তুষ্ট নন। ৭২% প্রবীণরা বলেছেন, তারা খাবার তৃপ্তি ও শক্তি পাচ্ছেন না। তবে প্রবীণদের মাঝে পুষ্টিকর খাদ্যগ্রহণ/ঝুঁকিপূর্ণ খাদ্য বর্জনের প্রবণতা বেড়েছে। এ গবেষণায় ৩৪% প্রবীণরা বলেছেন তারা ঝুঁকিপূর্ণ খাদ্য এড়িয়ে চলতে চান। ১৯% প্রবীণরা বলেছেন তারা ডাক্তারের পরামর্শ অনুযায়ী খাবার গ্রহণ করেছেন।
১১. সংখ্যাগত জরিপে প্রবীণদের সুস্থতা/অসুস্থতা নিয়ে প্রশ্নের উত্তরে শারীরিক অসুস্থতার কথা বলেছেন। ১৮ টি স্বাস্থ্য সমস্যার কথা বলেছেন। অসংক্রামক রোগ বা এনসিডি তথা ডায়বেটিকস, উচ্চরক্তচাপ, হৃদরোগ, হাপানী পেটের সমস্যার কথা ঘুরে ফিরে এসেছে। বেশীরভাগ প্রবীণ ৫৯% ফার্মেসী থেকে ব্যবস্থাপত্র ছাড়াই ঔষধ সেবন করেছেন। তবে জরিপে প্রবীণরা মানসিক স্বাস্থ্যের কথা সরাসরি বলেন নি, তাই এখনো অসুস্থতা বলতে শারীরিক অসুস্থতাই বুঝেন।
১২. বাংলাদেশে সংখ্যাগরিষ্ঠ প্রবীণরা নিজেদের প্রবীণ জীবন সম্পর্কে সুস্পষ্ট ও স্থির ইতিবাচক পোষণ করেন না। তবে একক ভাবে নেতিবাচক নয়। ইতিবাচক ও নেতিবাচক এর মধ্যে বিভক্ত। এ গবেষণায় ৫২.৮% প্রবীণ উত্তরদাতা বলেছেন তারা এ জীবন নিয়ে সন্তুষ্ট, আবার ৪৭.২% অসন্তুষ্ট। অন্যদিকে উত্তরদাতাদের ৬২.৮% বলেছেন তারা এ জীবনে শূন্যতা বোধ করেন না। কাজেই বাংলাদেশের প্রবীণরা বিশ্বাস, মনোভাব ও দৃষ্টিভঙ্গির দিক দিয়ে পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছে।
১৩. বাংলাদেশের প্রবীণদের দীর্ঘমেয়াদে অসুস্থতা ক্রমশ বাড়ছে। এ গবেষণায় ৭৩.৬% উত্তরদাতা বলেছেন তারা দীর্ঘ মেয়াদে অসুস্থতায় ভুগছেন, তবে পুরুষ উত্তরদাতারাই দীর্ঘমেয়াদে অসুস্থতার কথা কিছু বেশী বলেছেন, ৩৮.৯% পুরুষ প্রবীণ ও ৩৪.৭% নারী প্রবীণ দীর্ঘ মেয়াদে অসুস্থতার কথা বলেছেন। সংখ্যাগরিষ্ঠ ৬৭% প্রবীণরা বলেছেন তারা সরকারী হাসপাতালে যান নাই, ধরে নেয়া চলে তারা নিয়মিত চিকিৎসার বাইরে।
১৪. বাংলাদেশের প্রবীণদের অবসর ও বিনোদন একঘেঁয়ে ও বৈচিত্র্যহীন। বেশীরভাগ প্রবীণরাই ধর্মীয় আচার অনুষ্ঠান, প্রার্থনায় সময় কাটিয়ে থাকেন। এ গবেষণায় ৭৭% প্রবীণরা বলেছেন, তারা বেশীরভাগ সময় ধর্মীয় কাজে কাটান ২৮% প্রবীণেরা বলেছেন তারা টেলিভিশন দেখে সময় কাটান।
১৫. প্রবীণদের সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণ ইতিবাচক নয়। ৮০% প্রবীণ পারিবারিক অনুষ্ঠানাদিতে যোগদান করে থাকেন। মাত্র ৫০% প্রবীণেরা বলেছেন তারা সালিশ, স্মরণসভা ধরনের অনুষ্ঠানে যোগদান করেছেন।
১৬. বাংলাদেশে সুস্থ কর্মময় জীবন যাপনে তামাক আসক্তি একটি বড় বাধা। এ গবেষণা থেকে দেখা গেছে ৭৪.৪% প্রবীণ নানা ধরনের তামাক পণ্যে বা ধূমপানে আসক্ত। ফলে প্রবীণদের দু'তৃতীয়াংশ ক্রমশ বড় স্বাস্থ্য ঝুঁকির মধ্যে থাকছেন।
১৭. এ গবেষণায় দেখা যাচ্ছে, এক চূর্থাংশ প্রবীণের চলাফেরায় সমস্যা হচ্ছে। এ সমস্যার কারণে প্রবীণেরা বিচ্ছিন্ন ও নিঃসঙ্গ হয়ে পড়েন।
১৮. প্রবীণদের মধ্যে ২৬% মোবাইল ফোন ব্যবহার করেন, তন্মধ্যে ১৭% প্রবীণ মোবাইল ফোনের মাধ্যমে স্বাস্থ্য পরামর্শ নিয়ে থাকেন। যদিও আপাততঃ ১৭% খুব বেশী নয়, মোবাইল ফোনের মাধ্যমে স্বাস্থ্য পরামর্শ নেয়া প্রযুক্তি ব্যবহারে প্রবীণদের একটি ইতিবাচক দিক।

১৯. প্রবীণদের মন খারাপ সমাধানে কোন সচেতন উদ্যোগ নেই। গবেষণায় দেখা যাচ্ছে, প্রবীণরা টেলিভিশন, ঘোরাফেরা করে কোনভাবে সময়টা পার করতে চান। এর ফলে প্রবীণদের প্রকৃত মানসিক সমস্যার সমাধান হচ্ছে না।
২০. প্রবীণরা ক্রমশ: তাদের প্রতি বিরূপ আচরণ, মনোকষ্টের নীরবতা ভঙ্গ করছেন। এ গবেষণায় ৩৬.৯% প্রবীণরা স্বীকার করেছেন পারিবারিক পর্যায়ে তাদের সাথে বিরূপ আচরণ করা হয়েছে। এর মধ্যে ১৯.৭% প্রবীণ পুরুষেরাই বিরূপ আচরণের কথা বলেছেন। তবে প্রবীণ নারীরা ১৭.২% বিরূপ আচরণের কথা বলেছেন।
২১. পারিবারিক পর্যায়ে প্রবীণদের প্রতি সহানুভূতিশীল কতটা ব্যবহার বেড়েছে। এ গবেষণার এফজিডিতে অংশগ্রহণকারী প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এ মত প্রকাশ করেছে। কিন্তু কেউই প্রতিকার ব্যাপারে সুস্পষ্ট মত দিতে পারেনি। ২৬ জন প্রবীণ বলেছেন, তারা বিভিন্ন পর্যায়ে পারিবারিক পর্যায়ে সালিশের মাধ্যমে প্রতিকার চেয়েছেন, কিন্তু বেশিরভাগ বলেছেন প্রতিকার পাননি।
২২. প্রবীণ মানসিক রোগীর সংখ্যা দ্রুত বাড়ছে। মানসিক রোগ বলতে তারা স্মৃতিশক্তি হারানোকে অন্তর্ভুক্ত করেছে। এফজিডিতে অংশগ্রহণকারী প্রবীণরা বলেছেন প্রবীণদের মধ্যে ৪/৫ জন রয়েছেন যারা মানসিকভাবে অসুস্থ, তবে তারা মনে করেন ৮৯% প্রবীণই মানসিক অসুস্থতার বুকির মধ্যে রয়েছেন।
২৩. প্রবীণদের মন:সামাজিক সংকট ক্রমশ জটিল রূপ নিচ্ছে। এ গবেষণার ৬টি কেস স্টাডি থেকে দেখা যাচ্ছে; প্রতি সংকট ভিন্ন, স্বতন্ত্র বৈশিষ্ট্য মণ্ডিত। কিন্তু কেউই কোন নির্ভরযোগ্য নিরাময় পদ্ধতির অভিজ্ঞতা লাভ করতে পারেনি।

### সুপারিশসমূহ :

১. একক পরিবার কাঠামোর মধ্যে প্রবীণদের সেবা ও সুরক্ষা নিশ্চিত করতে সমাজ কল্যাণ ও স্বাস্থ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকারের সহযোগিতায় পরীক্ষামূলক কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন করা প্রয়োজন। কারণ এ গবেষণায় দেখা গেছে, একক পরিবারের সংখ্যা দ্রুত গতিতে বাড়ছে। প্রস্তুতি ও সমঝোতার অভাবে একক পরিবারে প্রবীণরা সংকটে পরেছেন। এ গবেষণায় আরো দেখা গেছে, বেশীর ভাগ প্রবীণরা ভবিষ্যৎ এ একক পরিবারে বাস করতে যাচ্ছেন।
২. এ গবেষণার ফলাফলে, একদিকে প্রবীণদের আয়মূলক কর্মসংস্থানের সুযোগ নেই, অন্যদিকে বেসরকারী ও অনানুষ্ঠানিক খাতে ভাতার কোন বন্দোবস্ত নেই। ফলে প্রবীণদের জন্য অস্তিত্বের সংকট তৈরী হচ্ছে। এ সংকট সমাধানের জন্য দ্রুত সার্বজনীন ভাতা বাস্তবায়নের পর্যায়ে ক্রমিক রাষ্ট্রীয় ঘোষণা প্রয়োজন।
৩. এ গবেষণায় প্রবীণদের জীবনমানের সাথে জড়িত গৃহায়ণ, টয়লেট ব্যবহার, খাদ্য অভ্যাস প্রতিকূল অবস্থায় রয়েছে। এর পরিবর্তনের জন্য সরকার, এনজিও, প্রাইভেট সেক্টরের উদ্যোগ প্রয়োজন।
৪. প্রবীণদের অসুস্থতা বিষয় সচেতনতা ও শিক্ষার অভাব রয়েছে। স্বাস্থ্য মন্ত্রণালয় স্বাস্থ্য নীতি ও স্বাস্থ্য শিক্ষায় প্রবীণ স্বাস্থ্য বিষয়টি অন্তর্ভুক্ত করতে পারে। এ গবেষণায় দেখা গেছে, সরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনায় প্রবীণরা বেশী অবহেলিত।
৫. স্বাস্থ্য মন্ত্রণালয় ও বিশ্ব স্বাস্থ্য সংস্থা বাংলাদেশে মানসিক স্বাস্থ্য উন্নয়নে আইন প্রণয়ন ও গবেষণার উদ্যোগ নিচ্ছেন। কিন্তু এ উদ্যোগে প্রবীণদের মানসিক স্বাস্থ্যের বিষয়টি অন্তর্ভুক্ত হয়নি। কাজেই স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য বিভাগ প্রবীণদের মানসিক স্বাস্থ্য উন্নয়নে পর্যায়ক্রমে গবেষণা, চিকিৎসকদের অরিয়েন্টেশন, নীতি ও কৌশল অন্তর্ভুক্তি কর্মসূচী বাস্তবায়নে উদ্যোগ প্রয়োজন।
৬. ধূমপান বিরোধী প্রচারণায় নিয়োজিত সরকারী সংগঠন, এনজিওরা প্রবীণ ধূমপায়ীদের ব্যাপারে সচেতন নয়। এ সব সংস্থা প্রবীণদের টার্গেট করে প্রচারণা বৃদ্ধি করা উচিত।
৭. প্রবীণ নারীদের সামাজিক অংশগ্রহণ বাধা দূর করে, তাদের অংশগ্রহণ বাড়াতে নারী ও শিশু মন্ত্রণালয় গ্রাম ও নগর পর্যায়ে পদক্ষেপ প্রয়োজন।
৮. প্রবীণদের রাজনৈতিক ও সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণে উৎসাহিত করতে নির্বাচন কমিশন সিনিয়র সিটিজেন পরিচয়পত্র আলাদা ও ভিন্ন চিহ্ন ব্যবহার করতে পারে। এর ফলে সিনিয়র সিটিজেনগণ সরকারী সেবায় গুরুত্ব পাবেন।
৯. রাজউকসহ অবকাঠামো নিয়ন্ত্রনকারী সংস্থা সমূহ প্রবীণ ও প্রতিবন্ধীদের ব্যবহারের সুবিধা ও কৌশল অন্তর্ভুক্ত করতে পারে।

১০. মোবাইল ফোন ব্যবহারের মাধ্যমে স্বাস্থ্য সেবা মন্ত্রণালয় প্রবীণদের জরুরী স্বাস্থ্য সেবা ব্যবস্থা করতে পারে, টেলিফোন নিয়ন্ত্রক সংস্থা ও সেবা প্রদানকারীরা সমন্বিতভাবে মোবাইল ফোনের মাধ্যমে প্রবীণদের জরুরী স্বাস্থ্যসেবা থেকে শুরু করে আর্থিক ব্যবস্থাপনা, সামাজিকায়ন, জীবিকায়ন, নিরাপত্তা ইত্যাদির অনেক ধরনের পদক্ষেপ নিতে পারে।
১১. সরকারী ও এনজিওদের উদ্যোগে পরিচালিত লিগ্যাল এইড প্রবীণদের অন্তর্ভুক্ত ও সহায়তা দানকে অগ্রাধিকার দিতে পারে।
১২. সমাজকল্যাণ মন্ত্রণালয় প্রবীণ সংগঠন পরিচালনায় সহায়তার মাধ্যমে প্রবীণদের একটি অনুকূল পরিবেশ তৈরী করতে পারেন। ফলে প্রবীণ সংগঠন শক্তিশালী হবে, এই সংগঠনের প্রবীণরাই অসহায় পিছিয়ে পড়া প্রবীণদের জন্য কাজ করতে পারবেন।

# সূচি

মুখবন্ধ .....	১
গবেষণার সারসংক্ষেপ .....	২
প্রথম অধ্যায় .....	৯
ভূমিকা .....	৯
দ্বিতীয় অধ্যায় .....	১৯
নমুনা জরিপের নির্বাচিত জনমিতিক, আর্থসামাজিক, আচরণগত চলকগুলি থেকে প্রাপ্ত ফলাফল। .....	১৯
তৃতীয় অধ্যায় .....	৩১
প্রবীণদের অসুস্থতা .....	৩১

## প্রথম অধ্যায়

### ভূমিকা

স্বাস্থ্যের মান শুধু দৈহিক নয়, মানসিক স্বাস্থ্যের উপর। তাই প্রবীণদের মানসিক স্বাস্থ্যের উপর অনুসন্ধানের এই গবেষণা গুরুত্বের দাবী রাখে। বাংলাদেশ হচ্ছে পৃথিবীর সপ্তম বৃহত্তর জনসংখ্যার (২০১১ সনের আদমশুমারী অনুসারে জনসংখ্যা ১৫ কোটি ৪০ লক্ষ ৫১ হাজার)। জনবহুল দেশ এবং প্রতি বর্গমাইলে ১০১৫ জন বসবাস করাই ঘন বসতি দেশগুলোর অন্যতম। ২০১১ সনের শুমারী প্রতিবেদন অনুসারে বাংলাদেশে ষাটোর্ধ্ব জনসংখ্যা মোট জনসংখ্যার শতকরা ৭.৭ ভাগ। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর হিসাব অনুযায়ী বাংলাদেশে ষাটোর্ধ্ব জনসংখ্যা ২০২০ সনে মোট জনসংখ্যার ৮.৬৭, ২০২৫ সনে এটা ১০.০৯% এবং ২০৫০ সনে এটা ১৭%। প্রবীণ জনসংখ্যার বেশীরভাগই ৬০ বছরের একটু উপরে। ৬০-৬৫ বছরের প্রবীণ হচ্ছেন বাংলাদেশে মোট প্রবীণ জনগোষ্ঠীর এক তৃতীয়াংশ। অর্থনৈতিকভাবে সক্রিয় আছেন মাত্র মোট প্রবীণের ১৬%, আর বেশীর ভাগ কৃষিতে আত্মকর্মসংস্থানে নিয়োজিত। ৬৮% অর্থনৈতিকভাবে কর্মহীন। সংখ্যাগতভাবে বাংলাদেশে পরিসংখ্যান ব্যুরোর হিসাব অনুযায়ী ২০১৫ সনে প্রবীণদের মোট সংখ্যা ১ কোটি ২৮ লক্ষ, ২০২০ সনে ১ কোটি ৪০ লক্ষ এবং ২০২৫ সনে ১ কোটি ৭২ লক্ষ। প্রবীণদের স্বাস্থ্যের মান প্রবীণদের জীবনের গুরুত্বপূর্ণ অংশ।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ইনস্টিটিউটের অধ্যাপক এবং বাংলাদেশ প্রবীণ হিতৈষী সংঘ এর মহাসচিব, ড: এ.এস.এম আতীকুর রহমান, জার্মান বেতারের বাংলা বিভাগে “প্রবীণবান্ধব বাংলাদেশ: প্রয়োজনীয়তা, কর্মকৌশল এবং সরকারি-বেসরকারি ভূমিকা” শীর্ষক একটি সংবাদ ভাষ্যে বলেন, “সংখ্যায় বাংলাদেশের প্রবীণরা কেবল দ্রুত বাড়ছেন, তাই নয়; এঁদের মৌলিক প্রয়োজন মেটানোর মতো পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রিক সক্ষমতা ক্রমেই জটিল আকার ধারণ করছে। বার্ষিক আমাদের জাতীয় জীবনের জন্য আজ একটি মারাত্মক চ্যালেঞ্জ। এক্ষেত্রে যে অবস্থাটি বেশি উদ্বেগজনক, তা হলো দ্রুত বর্ধমান বার্ষিকের ধাক্কা মোকাবেলায় ন্যূনতম চিন্তা-ভাবনা, প্রস্তুতি এবং বন্দোবস্ত আমাদের জনগণের ব্যক্তি, দম্পতি বা পরিবার পর্যায়ে প্রায় নেই বললে অতুষ্টি হবে না। বার্ষিক্য বিষয়ে এখন পর্যন্ত আমরা একান্তই রি-অ্যাক্টিভ; কিন্তু আমাদেরকে অবশ্যই প্রো-অ্যাক্টিভ হতে হবে। দেশে একটা প্রবাদ আছে, সময়ের এক ফোঁড় আর অসময়ের দশ ফোঁড়! বাংলাদেশের বিরাট সংখ্যক নাগরিক নানা ধরনের প্রতিবন্ধিতা, অটিজমে আক্রান্ত এবং সমাজ বিচ্ছিন্ন। আমাদের সাধারণের ধারণা যে, প্রতিবন্ধিতা এবং অটিজম সম্ভবত শিশুদের ব্যাপার। বাস্তবতা হলো, এ ধরনের চ্যালেঞ্জের সম্মুখীন ব্যক্তিবর্গ একসময় প্রবীণ হবেন। আবার, বার্ষিক্যে পৌঁছে অনেকেই বিভিন্ন প্রতিবন্ধিতায় আক্রান্ত হন। প্রশ্ন হচ্ছে, প্রতিবন্ধী প্রবীণদের জন্যে আমরা কি ন্যূনতম কোনো কর্মসূচি গ্রহণের কথা ভেবেছি? ভাবিনি; এটি আমাদের এক ধরনের বয়স বৈষম্যজনিত গাফিলতি। পর্যবেক্ষণে দেখা যায় যে, প্রবীণ পুরুষের তুলনায় প্রবীণ নারীরা বেশিদিন বাঁচেন। অধিকাংশই আবার বিধবা হয়ে আমাদের সমাজে তাঁরা বেশি মাত্রায় অবহেলা, দুর্ব্যবহার এবং বৈষম্যের শিকার হচ্ছেন।

বাংলাদেশে প্রবীণদের মনঃসামাজিক অবস্থার উপর তেমন কোন গবেষণা নেই। সাধারণভাবে বাংলাদেশের সকল জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্য বিষয়টি অবহেলিত। সম্প্রতি বিখ্যাত চিকিৎসা সাময়িকী ল্যান্সেট জার্নালে লিভারপুল বিশ্ববিদ্যালয়ের মোহাম্মদ তাসদিক হাসানসহ কয়েকজন গবেষকের একটি ক্ষুদ্র নিবন্ধে এ বিষয়টি উঠে এসেছে। নিবন্ধে “বাংলাদেশে নতুন মানসিক আইন: একটি অসম্পূর্ণ এজেন্ডা”<sup>৪</sup> নামে প্রকাশিত হয়েছে। এ নিবন্ধে ১৯১২ সনে প্রণীত ১০৫ বছরের পুরোনো উন্মাদ আইন (Lunacy Act-1912) পরিবর্তন করে মানসিক স্বাস্থ্য আইন ২০১৮ সংসদে অনুমোদিত হয়েছে। এ নিবন্ধে নতুন আইনের পটভূমি ও সীমাবদ্ধতা তুলে ধরা হয়েছে। পটভূমিতে বাংলাদেশে মানসিক অসুস্থতার চিত্রও তুলে ধরেছে। শিশুদের মানসিক অসুস্থতার হার ৩.৪% - ২২.৯% এবং বয়স্কদের মধ্যে ৬.৫% - ৩১% পর্যন্ত।

৪ Article in lancet psychiatry-January, 2019-“New mental health act in Bangladesh-Unfinished agenda” চারজন লেখক রয়েছেন, যে দুজনের নাম প্রোফাইলে পাওয়া গেছে, ১. মোঃ তাসদিক হোসেন, লিভারপুল বিশ্ববিদ্যালয়, যুক্তরাজ্য; ২. মোঃ মাহবুব হোসেন, টেক্সাস এ এণ্ড এম বিশ্ববিদ্যালয়, যুক্তরাষ্ট্র

গবেষণায় দেখা গেছে, প্রতি লক্ষ জনগোষ্ঠীর জন্য মানসিক চিকিৎসক রয়েছেন মাত্র ০.০৭৩ জন। মোট স্বাস্থ্য ব্যয়ের মধ্যে মানসিক স্বাস্থ্য উন্নতিতে বিনিয়োগ নেই বললেই চলে। এমতাবস্থায় এ আইনের সংশোধনী নিঃসন্দেহে একটি নতুন অধ্যায়ের সূচনা করছে। সমালোচনায় বলা হয়েছে এ আইনে ভুলভাবে কাউকে মানসিক রোগী আখ্যায়িত করাকে শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য করা হয়েছে, যা মানসিক চিকিৎসকদের উপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে। প্রবীণদের সামাজিক-মনস্তাত্ত্বিক গবেষণার জন্য বাংলাদেশে মানসিক স্বাস্থ্য ব্যবস্থার এ দিকটিও জড়িত। বাংলাদেশে বেশিরভাগ সামাজিক মনস্তাত্ত্বিক গবেষণা অনুসন্ধানমূলক (Exploratory) ও এনজিওদের উন্নয়ন কর্মসূচির অংশ।

এসব গবেষণার প্রাপ্ত ফলাফলকে ভাগ করলে দেখা যায় : **প্রথমত:** নারী ও শিশু প্রতিবন্ধীদের প্রতি নির্যাতন, সৃষ্ট মানসিক সমস্যা যার সাথে সামাজিক নির্ধারক (Social Determinants) সমূহের বিশ্লেষণ যুক্ত রয়েছে।

**দ্বিতীয়ত:** প্রাকৃতিক ও রাজনৈতিক দুর্যোগ থেকে তৈরি মানসিক আঘাত (Trauma) বিশ্লেষণ।

এ দুই ধরনের গবেষণায় প্রবীণদের কেন্দ্রবিন্দু (Focus) করা হয়নি। নিঃসন্দেহে বলা চলে, প্রবীণদের সামাজিক ও মনস্তাত্ত্বিক বিষয়গুলোর তুলনায় বাংলাদেশ অনেক পিছিয়ে আছে। কিন্তু আন্তর্জাতিকভাবে শুধু উন্নত ওয়াইসিডিভুক্ত দেশগুলোর মধ্যে স্বল্পোন্নত দেশসমূহ উত্তোরত্তর প্রবীণদের শারীরিক সুস্থতাই নয়, মনস্তাত্ত্বিক বিষয়সমূহ ও তার সামাজিক নির্ধারকসমূহের উপর গুরুত্ব দিচ্ছে। বিশেষ করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা প্রবীণদের মনঃসামাজিক বিষয়গুলিকে এগিয়ে নিয়ে ধারণা কাঠামো, গবেষণা ও কর্মসূচি প্রণয়নে মূখ্য ভূমিকা নিয়েছে। ২০০৩ সনে বিশ্ব স্বাস্থ্য সংস্থার কর্মময় বার্ধক্য (Active Ageing Framework) এর মধ্যে শুধু শারীরিক সুস্থতা নয়, অংশগ্রহণের মধ্যে মনস্তাত্ত্বিক সুস্থতা, ইতিবাচক ও প্রবীণবান্ধব বিষয় ছিল। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ফ্ল্যাগশিপ কর্মসূচি সংক্ষেপে ইংরেজীতে mhGAP স্মৃতিভ্রষ্টতাকে (Dementia) অন্তর্ভুক্ত করেছে, যা প্রবীণদের মন ও মস্তিষ্কের একটি জটিল সমস্যা সমাধানের উদ্যোগ। বাংলাদেশের জন্য বর্তমান গবেষণাটি খুবই প্রাসঙ্গিক ও গুরুত্বপূর্ণ।

## ১.২. সমস্যা বিশ্লেষণ :

ব্র্যাকের সহায়তায় বাংলাদেশে হেলথ ওয়াচের ২০১৬ সালের অসংক্রামক রোগ (NCD) এর উপর প্রতিবেদনে বলা হয়েছে ৬৯% ভাগ লোকই অসংক্রামক রোগে মারা যাচ্ছে। অসংক্রামক রোগের এই আধিপত্যের সাথে বয়স ও মনস্তাত্ত্বিক ও সামাজিক নির্ধারকের সাথে যোগসূত্র রয়েছে। বয়স বাড়ার সাথে সাথে মানসিক চাপ, উত্তেজনা, হৃদরোগ, ডায়াবেটিস সহ অধিকাংশ অসংক্রামক রোগকে বিরূপভাবে প্রভাবিত করে। শুধু অসংক্রামক রোগ নয়, কর্মময় বার্ধক্যকে হ্রাস করে, ফলে প্রবীণদের অর্থনৈতিক নিরাপত্তা, চলাচলের ক্ষমতা, দৈনন্দিন জীবনের কর্মকাণ্ডের পরিচালনার সক্ষমতা হ্রাস পায়, ক্রমে বিচ্ছিন্ন পরনির্ভরশীল হয়ে পড়ে। প্রবীণ বয়সে মানসিক রোগাক্রান্ত হওয়ার ক্ষেত্রে সচেতন থাকলে স্মৃতিভ্রষ্টতা, সিজোফ্রেনিয়া, বাইপোলার ডিপ্রেসন ঝুঁকিহ্রাস করতে বা প্রতিরোধ করতে পারে।

## ১.৩ গবেষণার উদ্দেশ্যসমূহ :

১. বাংলাদেশে বসবাসরত প্রবীণ জনগোষ্ঠীর মনঃসামাজিক অবস্থা সম্পর্কে তথ্য সংগ্রহ ও তার প্রবণতা বিশ্লেষণ করা।
২. সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ, প্রবীণদের মনঃসামাজিক অবস্থার সংঙ্গে সম্পর্ক বিশ্লেষণ করা।
৩. প্রবীণদের মনঃসামাজিক অবস্থার উন্নয়নে সুপারিশ তুলে ধরা।

## ১.৪. পূর্বানুমান (Hypothesis) :

প্রবীণদের নিজস্ব সামাজিক সংগঠন ও সাংগঠনিক অংশগ্রহণ মনঃসামাজিক অবস্থার উন্নতি ঘটায়। প্রবীণদের মনঃসামাজিক অবস্থার চলকগুলি স্বাস্থ্যময় বার্ধক্যের জন্য গুরুত্বপূর্ণ।

### কোন বয়সকে প্রবীণ বলা হয় এবং বয়স অনুযায়ী শ্রেণী বিন্যাস

জাতিসংঘ ৬৫+ বয়সকে প্রবীণ হিসেবে অভিহিত করেছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ৫৫ বছরকে প্রবীণ বয়সের সূচনা হিসেবে বর্ণনা করেছেন। আবার জাতিসংঘ ৬০ এর পরে জনসংখ্যাকে প্রবীণ হিসেবে শ্রেণীভুক্ত করেছেন। ২০১২ সনে প্রকাশিত ইউএনএফপিএ ও হেল্লএইজ ইন্টারন্যাশনাল এর যৌথ গুরুত্বপূর্ণ প্রকাশনা, "Ageing in the twenty first century: A celebration an a challenge" এ ৬০ বছরও পরের সকলকে প্রবীণ বলেছেন। বাংলাদেশ সরকার জাতীয় প্রবীণ নীতিমালা ২০১৩ তে ৬০ বছরকে প্রবীণ বয়স হিসেবে গ্রহণ করছেন। তবে কোন প্রতিষ্ঠান বয়স অনুযায়ী প্রবীণ জনগোষ্ঠীকে তরুন, মধ্যম বা অতি প্রবীণ হিসেবে ভাগ করেন নাই। প্রবীণদের নিয়ে গবেষণা ও লেখালেখিতে, তরুন, মধ্যম বা অতি প্রবীণ শব্দগুলো ব্যবহৃত হয়ে থাকে। আমেরিকার জেরিয়াট্রিক সোসাইটির গবেষণায় ৬০-৬৯ বছরকে তরুন প্রবীণ, ৭০-৭৯ বছরকে মধ্যম প্রবীণ, ৮০+ অতি প্রবীণ হিসেবে অভিহিত করা হয়েছে। আমেরিকার জেরিয়াট্রিক সোসাইটির এ ধারণাটিকে বর্তমান গবেষণায় ব্যবহৃত হয়েছে।

## ১.৫ গবেষণার ধারণা কাঠামো :

গবেষণার ধারণার দুটি স্তর রয়েছে, একটি হচ্ছে তত্ত্বগত, আর অন্যটি প্রায়োগিক। তত্ত্বগত স্তরে জার্মানীর মনস্তত্ত্ববিদ ইরিক ইরিকসন<sup>৬</sup> ব্যক্তির আটটি মনঃসামাজিক বিকাশের ধারণা উল্লেখ করেছেন। এ আটটি ধাপের মধ্যে একটি বয়স ভিত্তিক মনঃসামাজিক সংকট তুলে ধরেছেন, প্রতিটি সংকটের মূলে রয়েছে মনের উপর সামাজিক উপাদানসমূহের প্রভাব নিয়ে ক্রিয়া-প্রতিক্রিয়া।



এরিকসনের মনঃসামাজিক বিকাশের দুটি ধাপই প্রবীণদের মনঃসামাজিক অবস্থার সাথে নিবিড়ভাবে জড়িত। এখানে মধ্য বয়স্ক ধরা হয়েছে ৪০-৬৫, এ বয়সে জীবনের সফলতা বিফলতা ভাবনা বড় হয়। যারা সমাজে নিজের কাজের মধ্যে প্রভাব তৈরি করে, তারা উৎপাদনশীল; যারা পারেন না, তারা স্থবিরতা বা হতাশায় ভোগে। প্রবীণ বয়স যাদের বয়স ৬৫+; এ বয়স নতুন করে অহংবোধ কাজ করে, অহংবোধ তৃপ্তি না হলে হতাশা গ্রাস করে। মধ্য বয়সে মনঃসামাজিক সংকটের মূলে থাকে ব্যক্তির উৎপাদনশীলতা হ্রাসের এবং স্থবিরতার প্রবণতা থেকে। মধ্য প্রবীণ বয়সে এটা রূপান্তরিত হয় অহংবোধ


<sup>৬</sup> এরিক হোমবারগার এরিকসন একজন জার্মান-আমেরিকান মনস্তত্ত্ববিদ ছিলেন। তিনি মানুষের মনঃসামাজিক বিকাশের উপর কাজ করেছেন। তিনি প্রথম মনস্তত্ত্ববিদ যিনি মানুষের জীবন চক্র অনুযায়ী বিভিন্ন বয়সের দ্বন্দ্ব ও মনঃসামাজিক সংকট চিহ্নিত করেন।

হতাশা রূপে। এরিকসনের তত্ত্ব মনঃসামাজিক সংকটের একটি জীবনচক্র ধারণার সাথে যুক্ত রয়েছে। তবে বর্তমান গবেষণায় এই ধারণা ব্যবহার করার সুযোগ সীমিত।

বর্তমান গবেষণায় প্রবীণ বয়সের মনঃসামাজিক অবস্থার উপর তিনটি তত্ত্ব গুরুত্ব দিচ্ছে, এগুলো হলো: কর্মকাণ্ড তত্ত্ব (Active Theory), প্রত্যাহার বা বিচ্ছিন্নতার তত্ত্ব (Disemgeneral Theory) এবং চলমান তত্ত্ব (Continuity Theory)। কর্মকাণ্ড তত্ত্বের মূল কথা হচ্ছে প্রবীণ বয়সে সম্ভষ্টির জন্য তারা নিষ্ক্রিয় জীবন যাপন করবেন না, কমিউনিটিতে সক্রিয় থাকবেন। তবে এ তত্ত্বের প্রবক্তারা কোন্ ধরনের কর্মকাণ্ড প্রবীণ বয়সের সম্ভষ্টির জন্য প্রয়োজন তা তুলে ধরেন নাই, তবে তারা বিশ্বাস করতেন কর্মকাণ্ড অবশ্যই প্রবীণদের মনস্তাত্ত্বিক স্বাস্থ্যের সুস্থতায় অবদান রাখবে। প্রত্যাহার বা বিচ্ছিন্নতার (Disemgeneral Theory) তত্ত্ব কিছুটা ভিন্ন। ক্যামিং এবং হ্যারি মনে করেন প্রবীণ বয়সে প্রচলিত দায়িত্ব ত্যাগ করা শ্রেয়। জীবন নতুন ধারায় পরিচালিত করা, এমন নতুন ভারসাম্যে উপনীত হওয়া যেখানে প্রবীণ ব্যক্তি ও সমাজ উপেক্ষিত হবে না। চলমান তত্ত্ব হচ্ছে প্রবীণ জীবনে উত্তরণের মাঝেও ধারাবাহিকতা রক্ষা করা। অর্থাৎ প্রবীণ বয়সের ক্ষয় ও হ্রাস, পরিস্থিতি অনুযায়ী নিজেকে মানিয়ে চলা। তবে এ তত্ত্ব স্বীকার করে যে, পরিবর্তন স্বত্ত্বেও মানুষ প্রবীণ বয়সে মনস্তাত্ত্বিকভাবে একই থাকে, কিন্তু মনের গঠন ও ক্রিয়া প্রতিক্রিয়া পার্থক্য হয়।

বর্তমান গবেষণার জন্য প্রায়োগিক কাঠামোর বিশ্লেষণ মনঃসামাজিক বলতে বুঝানো হবে, মানুষের মনস্তাত্ত্বিক বিষয় ও সামাজিক অভিজ্ঞতার ঘনিষ্ঠ যোগাযোগকে কেন্দ্র করে। মনস্তাত্ত্বিক ফলাফল হচ্ছে এমন কিছু বিষয় যা ভিন্ন স্তরের মনোগত প্রক্রিয়াকে প্রভাবিত করে যেমন চিন্তা প্রক্রিয়ায় (ধারণা ও স্মৃতিকে ভিত্তি করেই চিন্তা ও শিখন) ও অনুভূতির বিষয়কে সমান গুরুত্ব দেওয়া হয়। অন্যদিকে সমাজের মনস্তাত্ত্বিক ফলাফলের সাথে সম্পর্কিত থাকে পারিবারিক নেটওয়ার্ক, সাংস্কৃতিক ঐতিহ্য, অর্থনৈতিক অবস্থা এমনকি প্রবীণ ব্যক্তির সামাজিক অংশগ্রহণের পরিধি। এ গবেষণা এছাড়াও মনঃসামাজিক কল্যাণের উপর গুরুত্ব দেয়। জৈবিক, আবেগীয়, আধ্যাত্মিক, সাংস্কৃতিক এবং অভিজ্ঞতার মানসিক ও বস্তুগত দিকগুলি বিচ্ছিন্ন করা যাবে না। সব কিছু মিলেই কল্যাণ। এর ভিত্তিতে গড়ে ওঠে মন ও সমাজের সম্পর্ক কাঠামো।

চিত্র : ১.১: মন ও সমাজের সম্পর্ক কাঠামো।



সূত্রঃ <http://www.arc-online.org>


এ বিশ্লেষণ কাঠামো মনোজগত ও সামাজিক ক্ষেত্র পরস্পর যোগাযোগ ক্রিয়া-প্রতিক্রিয়ার মধ্য দিয়ে প্রবীণদের মনঃসামাজিক অবস্থা নির্ধারিত হয়, কাজেই এ গবেষণা বিশ্লেষণী কাঠামো অনুসরণ করবে।

মন ও সমাজের সম্পর্ক কাঠামোর পরে রয়েছে প্রবীণদের মনঃসামাজিক সংকটের সহায়তা ও কর্মসূচির ধারণা নির্মাণ। এ ধারণা নির্মাণে বৃহত্তর প্রেক্ষিত থেকে ধাপে ধাপে আচরণগত পরিবর্তনের পর্যায় উপনীত হয়ে বাস্তবায়নের প্রয়োজনীয় সম্পর্ক নির্ণয় করা। সমাজের সামগ্রিক পরিপ্রেক্ষিত তৈরি হয়; অর্থনীতি, শাসন প্রক্রিয়া, রাজনীতি, শিক্ষা, ধর্মীয় ব্যবস্থা এবং



সম্প্রীতি সমন্বয়ে। মনঃসামাজিক পরিপ্রেক্ষিত প্রধানত ফোকাস করে মানুষের সম্পর্ক ও তার বিষয় উপাদানগুলোর উপর। সর্বোপরি পরিপ্রেক্ষিতের সাথে ব্যক্তিগত মনস্তাত্ত্বিক বিষয়গুলি সাথে যুক্ত হওয়ার মধ্যে দিয়ে মনঃসামাজিক ফাংশনগুলি সূচনা করে। নিচের চিত্রে এটা তুলে ধরা হয়েছেঃ

চিত্র: ১.২. প্রবীণদের মনঃসামাজিক সহায়তা বা কর্মসূচির বিস্তৃত ধারণা



উপরের চিত্রে আমরা দেখছি জৈবিক ও আচরণগত অভিব্যক্তির মধ্য দিয়ে মনঃসামাজিক স্বাস্থ্য উন্নয়ন ও কল্যাণ অর্জিত হয়। আর প্রবীণদের এ স্বাস্থ্য কল্যাণের জন্য প্রয়োজন প্রবীণদের চাহিদাভিত্তিক মনঃসামাজিক সহায়তা। এ গবেষণা তাই ইতিবাচক বিশ্লেষণ কাঠামোকে অগ্রাধিকার দিচ্ছে।

### ১.৫. গবেষণা পর্যালোচনা (Literature Review) :

প্রবীণদের নিয়ে সরাসরি মনঃসামাজিক গবেষণা না থাকায় গবেষণা প্রতিবেদন পর্যালোচনার প্রথম পর্যায়ে মানসিক ইস্যু নিয়ে গবেষণা প্রতিবেদনগুলি চিহ্নিত ও তালিকাভুক্ত করা হয়-এ প্রতিবেদনসমূহের পর্যালোচনা করার উদ্দেশ্য হচ্ছে প্রবীণদের মানসিক ইস্যু কতটা অন্তর্ভুক্ত হয়েছে তা খতিয়ে দেখা। এছাড়া এইসব ইস্যু তা প্রবীণদের সামাজিক অবস্থা বুঝতে কতটা সহায়তা করবে তা পর্যালোচনা করা।

১. National Institute of Mental Health and Hospital (Bangladesh) WHO Bangladesh, prevalence medical care, awareness and attitude towards mental illness, Bangladesh. edited by Prof. Abul Hasnat Mohammad Firoz: বাংলাদেশে মানসিক স্বাস্থ্য নিয়ে একটি গুরুত্বপূর্ণ গবেষণা, এ গবেষণায় তৎকালীন ৬টি বিভাগের ১৩,০৪০ জন প্রাপ্ত বয়স্ক উত্তরদাতার কাছ থেকে তথ্য সংগ্রহ করা হয়। এ গবেষণায় স্ট্যান্ডার্ডডাইজড সেক্স রিপোর্ট প্রশ্নপত্র (সংক্ষেপে এসআরকিউ এবং স্ট্যান্ডার্ডডাইজড ক্লিনিক্যাল ইন্টারভিউ ফর ডায়াগনসিস) ব্যবহার করা হয়।

গবেষণার উত্তরদাতা/দাত্রীদের মধ্যে ৫১-৬০ বছরের ছিলেন ৮৩৯ জন, যা জরিপের ৬.৪%, ৬১-৭০ বছরের ছিলেন ৪৭৮ জন যা মোট নমুনার ৩.৭%, ৭১ বছরের বেশি ছিলেন ২২৪ জন যা মোট নমুনার ১.৭%। মোট নমুনার ৫১.৮% ছিল নারী উত্তরদাত্রী, ৪৮.২% ছিল পুরুষ উত্তরদাতা। মোট ১৩,০৮০ নমুনার মধ্যে ২,১০০ জনের মনঃসামাজিক সমস্যা রয়েছে তার মধ্যে ১৬.০৫% মনোরোগে আক্রান্ত। মনোরোগে আক্রান্তদের মধ্যে পুরুষের চেয়ে নারীর সংখ্যা বেশি। নারী

১৯% এবং পুরুষ ১২%। রোগগুলির মধ্যে স্নায়ুবিিক (Neurotic Disorder), অবদমন জনিত (Major Dipressive Disorder) এবং মনোবিকারগ্রস্ততায় আক্রান্ত (Psychoticeurotic Disorder)-ই প্রধান। উদ্বেগজনিত মানসিক সমস্যা সর্বত্র দেখা গেলে এ সমস্যায় আক্রান্ত হয়েছেন ২.৯%। মোট নমুনার শতকরা হারের চেয়ে মনোরোগ আক্রান্তের দিক দিয়ে বয়স্কদের শতকরা হার বেশি। যেমন ৫১-৬০ বছর বয়সীরা মোট নমুনার ৬.৪% কিন্তু মোট মনোরোগ আক্রান্তদের ৭.৮% একইভাবে ৬১-৭০ বয়সীরা মোট নমুনার ৩.৭% কিন্তু আক্রান্তদের ৫.৫%, ৭১ বছরের বেশি বয়সীরা নমুনার ১.৭% কিন্তু আক্রান্তদের ২.৬%। কাজেই বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটের এ সমীক্ষায় স্পষ্ট মানসিক রোগের ঝুঁকি প্রবীণদের মাঝে বেশি। তবে এ সমীক্ষা প্রকাশ হয়েছে ২০০৭ সনে, তথ্য সংগ্রহ হয়েছে ১২ বছরের পুরানো উপাত্ত থেকে, এ থেকে আমরা কিছুটা ধারণা নিতে পারি, এর বেশি কিছু নয়।

## ২. Salim, Nasima, BRAC University, Sataalkar, Priya, Family Health International (FHI)-2008; perception of mental health illness in Bangladesh Village

এ গবেষণাটি গুণগত পদ্ধতিতে সম্পন্ন করা হয়েছে। গবেষকরা সরাসরি গ্রামে থেকে মানুষের মানসিক অসুস্থতার ধারণাটা বুঝতে চেষ্টা করেছেন। তারা গ্রামের মানুষের কাছ থেকে মানুষের মানসিক অসুস্থতার নাম, ধরন জানতে পেরেছেন। পাগল হওয়া, ভূতে ধরা, চিন্তা রোগ, প্রতিবন্ধী, মৃগীরোগ এ নামগুলির মধ্যদিয়ে মনোরোগ ব্যাখ্যা করতে চেষ্টা করেছেন। প্রবীণদের মনঃসামাজিক অবস্থা বুঝতেও এরকম স্থানীয় ধারণার অনুসন্ধানের প্রয়োজন রয়েছে। এ ধরনের গুণগত গবেষণা তৃণমূল পর্যায়ে মানুষের মানসিক অসুস্থতার ধারণার যৌক্তিকতা বুঝতে সহায়তা করে। প্রবীণদের মানসিক অসুস্থতা বোঝার জন্য এ ধরনের গবেষণা প্রাসঙ্গিক।

৩. Salma Bushra et all (2016) Psychiatric morbidity among patients in cardiac outpatient in national institute of cardio vascular disease Dhaka, ২০১৫ সেপ্টেম্বর, ফেব্রুয়ারি ২০১৬ সনে ১৫১ জন রোগীর উপর সমীক্ষা পরিচালনা করেন। এই ১৫১ জন রোগীর বয়স ছিল ১৮-৬৫ বছর পর্যন্ত, কিন্তু কোন বছরে কতজন ছিলেন সেটা নির্দিষ্ট করা হয়নি। গবেষণায় দেখা যায় ১৫১ জনের মধ্যে ৩৩ জন মনোরোগ আক্রান্ত হয়েছেন, নমুনার ১১.৩% অবদমনমূলক (major depression disorder) আক্রান্ত হয়েছেন, ৫.৯% রোগী আতঙ্ক রোগে (panic disorder) আক্রান্ত, ২% উদ্ভিন্ন রোগে আক্রান্ত। এ গবেষণায় দেখা যাচ্ছে হৃদরোগের চিকিৎসা প্রার্থীদের মনোরোগে আক্রান্ত হওয়ার লক্ষণ দেখা যাচ্ছে। যদিও এ গবেষণার বয়স বিভাজন অতটা স্পষ্ট নয়।

৪. Ali Karamat, Shah Mohammad et all, Daffodil International University and Sir William Beveridge Foundation (undated)-Dementia, a public health problem among elderly in Dhanmondi and Kalabagan Thana in Dhaka City-ঢাকা নগরে ধানমন্ডি ও কলাবাগান থানায় ৬০ বছরের উর্ধ্বে প্রবীণ জনগোষ্ঠীর স্মৃতিভ্রষ্টতা (Dementia) পরিস্থিতি বিশ্লেষণ করতে এ গবেষণা পরিচালিত করা হয়। নির্বাচন কমিশনের ভোটার তালিকা থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী এ দুই থানায় ২৬০,৮৯২ জন প্রবীণ রয়েছেন, তন্মধ্যে ১৫,৪৭৯ জন পুরুষ ও ১১,৪১০ জন নারী। প্রবীণ নারী পুরুষের সংখ্যার বেশি পার্থক্যের ব্যাখ্যা নেই এ গবেষণায়। এখান থেকে গবেষণার জন্য ৩৭৪ জনকে নমুনা হিসেবে মনোনয়ন দেওয়া হয়েছিল। কীভাবে এদেরকে মনোনীত করা হলো তার কোন ব্যাখ্যা নেই এ গবেষণায়। গবেষণার ফলাফলে দেখা গেছে ২৬.৭% প্রবীণ স্মৃতিভ্রষ্টতা রোগে আক্রান্ত, এরা প্রায় সবাই প্রাথমিক স্মৃতিভ্রষ্টতায় ভুগছেন। গবেষণার সিদ্ধান্তে বলা হয়েছে স্মৃতিভ্রষ্টতার সাথে টাইপ ২ ডায়াবেটিস ও হাইপারটেনশনের সাথে সম্পর্ক রয়েছে। এ গবেষণার উদ্দেশ্য ও পদ্ধতিগত সীমাবদ্ধতা রয়েছে। ফলে গবেষণার পদ্ধতি প্রয়োগ ও ফলাফলের বিস্তারিত বিবরণ নেই, তবে ঢাকা নগরের প্রেক্ষাপটে এ স্মৃতিভ্রষ্টতার পরিস্থিতি বিশ্লেষণ জরুরি।

৫. ড. হাবিবুর রহমান (২০০২) সামাজিক জ্বর বিজ্ঞানের ভূমিকা-বার্ষিকের সমাজ তত্ত্ব (২০০২)-এটি কোনো গবেষণা গ্রন্থ নয়, ১২টি অধ্যায়ের এ বইয়ে প্রবীণদের সামাজিক অবস্থা সম্পর্কিত তত্ত্ব আলোচনা রয়েছে। বিশেষ করে ৪র্থ ও ৫ম অধ্যায় প্রবীণ বয়সের মনঃসামাজিক অবস্থার তাত্ত্বিক বিশ্লেষণের জন্য প্রয়োজনীয় তত্ত্বগুলো তুলে ধরেছেন। তারপর এতে

প্রবীণদের শুধু মনঃসামাজিক নয় মনোদৈহিক সমস্যার বিশ্লেষণী কাঠামো তুলে ধরেন। কাজেই এ গবেষণার ধারণা নির্মাণে এ বইটি প্রাসঙ্গিক।

৬. Chowdhury, Mustaque; elderly in the health system-a global challenge and Phil experience, BRAC and James P. Grant school of Public health in Bangladesh 2005-এই গবেষণা বাংলাদেশের দ্রুত পরিবর্তনশীল অবস্থার মধ্যে প্রবীণদের বর্তমান ও ভবিষৎ নিরাপত্তাহীনতার কথা উল্লেখ করেছেন, দারিদ্র্য ও সামাজিকভাবে অবহেলা অবজ্ঞা করাকে প্রবীণদের জন্য একটি বড় সংকট সৃষ্টি করেছে, গবেষণায় প্রবীণদের স্বাস্থ্য সেবা ব্যবহারের কয়েকটি বাঁধার কথা বলেছেন। এ বাঁধাগুলি হচ্ছে আর্থিক, চলাচলের অবকাঠামো, তারপরে রয়েছে পদ্ধতিগত বাঁধা। এসব বাঁধাগুলিকে হ্রাস না করে প্রবীণদের স্বাস্থ্য (মানসিক ও শারীরিক) অর্জন করা সম্ভব নয়। লেখক এ গবেষণার উদ্দেশ্যে বলেছেন, প্রাথমিক স্বাস্থ্য সেবার মধ্যে প্রবীণেরা সবচেয়ে বেশি অসুবিধার সম্মুখীন হচ্ছেন। তাই প্রাথমিক স্বাস্থ্য সেবায় প্রবীণদের স্বাস্থ্য সমস্যা ফোকাস থাকতে হবে। সেখানে মানসিক স্বাস্থ্য সেবার সুযোগও থাকা উচিত।

৭. Kabir, Zarina Nahar; Primary healthcare life improving service in Bangladesh and Vietnam (PHILL) : প্রাথমিক স্বাস্থ্য সেবায় প্রবীণদের জন্য প্রয়োজনীয় উপযুক্ত উপাদান নেই বললেই চলে। বিশ্বব্যাপী প্রবীণ জনগোষ্ঠীর স্বাস্থ্য চাহিদা পূরণ করতে প্রাথমিক স্বাস্থ্য থেকে শুরু করতে হবে। বাংলাদেশ ও ভিয়েতনামে এ ধরনের সেবার বিকাশ ঘটাতে লেখকেরা কাজ করেছেন। লেখকরা বলেছেন; বাংলাদেশ পৃথিবীর প্রবীণ সংখ্যাধিক্য দশটি দেশের মধ্যে একটি হতে যাচ্ছে। কাজেই বাংলাদেশে প্রবীণদের শারীরিক ও মানসিক স্বাস্থ্য সেবার অগ্রাধিকারের প্রতি নজর দেওয়ার প্রয়োজনীয়তা রয়েছে। তাদের গবেষণা বাংলাদেশের স্বাস্থ্য সেবার সাথে জড়িত চিকিৎসক ও অন্যান্য কর্মীদের মধ্যে প্রবীণদের স্বাস্থ্য সেবার গুরুত্বের বিষয়ে সম্মত ও অঙ্গীকার তৈরি করতে হবে।

৮. Hossain, G.M Monoware, The social Situation of aged people in Bangladesh, school of Public Health, University of Texas, at Houston (2000)-গবেষক গণস্বাস্থ্যের কর্ম এলাকায় এ গবেষণা পরিচালনা করেন। এ গবেষণার প্রাপ্ত ফলাফলে দেখা যায় শুধু সরকার নয়, প্রবীণদের জন্য স্বাস্থ্য সেবায় কাজ করতে এনজিওদের সেবা প্রদানে পরিবর্তন আনতে হবে। এ গবেষণায় প্রবীণ নারীদের অবস্থা তুলে ধরা হয়। প্রবীণ নারীরা প্রবীণ পুরুষের তুলনায় স্বাস্থ্যসেবা থেকে অধিক বঞ্চিত। একই সংগে প্রবীণদের মধ্যে প্রাতিষ্ঠানিক শিক্ষার অভাব থাকায় তারা যোগাযোগের ক্ষেত্রে পিছিয়ে পড়ছেন। গবেষণা উপসংহারে প্রবীণদের স্বাস্থ্যসেবার (শারীরিক ও মানসিক) জন্য একটি জাতীয় ফ্রেমওয়ার্ক দরকার যেখানে এনজিও, সরকার ও নাগরিক সবাই মিলে কাজ করতে পারবেন।

৯. Nilsson Jau, A.K.M Masud Rana and Zarin Nahar, Kabir, Social Capital is determinant as quality of life in old age: Resort from cross sectional study in rural Bangladesh. Stockholm gerontology research centre, Stockholm Sweden-শুধু স্বাস্থ্য নয় সামগ্রিকভাবে প্রবীণদের জীবন মানের সাথে সামাজিক পুঁজির ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। গবেষকরা এ পূর্বানুমানকে মাঠপর্যায়ে গবেষণা করে ইতিবাচক সম্পর্ক পেয়েছেন। তারা দেখেছেন শুধু অর্থ নয়, সামাজিক পুঁজির কারণে প্রবীণদের জীবন ভালভাবে যাপন করতে পারেন। বিশেষ করে গবেষকরা প্রবীণদের জীবন মানের উপর গুরুত্ব দিচ্ছেন। গবেষকরা শিক্ষা, অর্থনৈতিক সামর্থ্যের অভাব প্রবীণদের জীবনকে অবশ্য ক্ষুণ্ণ করেছে। তবে সামাজিক পুঁজি এসব অভাবের মধ্যেও ইতিবাচক কাজ করতে পারে।

10. Habib Tanzima Zohara, Socio psychological status of female head household in Rajshahi City, Cultural Anthropology, 2010-১২০ জন বয়স্ক নারীর উপর গবেষণা পরিচালনা করা হয়। খানা প্রধান হিসেবে এ নারীরা চ্যালেঞ্জের/ বাঁধার সম্মুখীন হন। এ বাঁধা মোকাবিলা করতে গিয়ে যারা পিছিয়ে পড়ে তাদের মনঃসামাজিক অবস্থার অবনতি হয়। গবেষকরা দেখিয়েছেন প্রবীণ নারী খানা প্রধান হলে কি ধরনের সম্পদের অভাব

মোকাবিলা করেন। শুধু সম্পদের অভাব নয়, বাঁধা ও সেবা থেকে দূরে চলে যান। তবে গবেষকরা ইনফর্মাল নেটওয়ার্ককে গুরুত্ব দিয়েছেন। ভাল প্রতিবেশী ও আত্মীয় অনেক সহায়ক হন।

Literature review তে ব্যবহৃত গবেষণা সমূহ সরাসরিভাবে প্রবীণদের মনো সামাজিক তাত্ত্বিক কাঠামো ব্যবহার করা হয় নি। প্রায় ১০ টি গবেষণা পর্যালোচনা অর্ন্তভুক্ত করা হয়েছে। প্রবীণদের মন: সামাজিক অবস্থা বিশ্লেষণের তাত্ত্বিক কাঠামোতে তিনটি প্রধান তত্ত্ব রয়েছে।

১) সক্রিয় কর্মকান্ড কেন্দ্রিক (Activity Theory)

২) চলমানতা কেন্দ্রিক (Continuity Theory)

৩) প্রত্যাহার কেন্দ্রিক (Disengagement Theory)

সক্রিয় কর্মকান্ড কেন্দ্রিক তত্ত্ব ধরে নেওয়া সক্রিয় ও কর্মমুখী থাকলে প্রবীণদের মন:সামাজিক অবস্থা ভাল থাকে। এই তত্ত্ব অনুযায়ী বিশ্ব স্বাস্থ্য Active Ageing এর মিল রয়েছে। বলা যায় Activity Theory র প্রয়োগ কাঠামোই হচ্ছে বিশ্ব স্বাস্থ্য সংস্থার Activity Ageing। Literature review তে উল্লেখকৃত দশটি সরাসরি ভাবে Activity Theory ব্যবহার করেনি।

চলমানতা তত্ত্ব হচ্ছে প্রবীণ বয়সে নিজের জীবনের কর্মকান্ডের চলমানতা রক্ষা করা ছেদ না ঘটানো। দশটি গবেষণায় পরোক্ষ ভাবে Continuty Theory উল্লেখ রয়েছে।

তৃতীয় প্রত্যাহার বা Withdrawal তত্ত্ব। এই তত্ত্ব অনুযায়ী প্রবীণরা বিচ্ছিন্ন হন। ফলে তাদের মন:সামাজিক অবস্থা খারাপ হয়ে পড়ে। উল্লেখিত দশটি গবেষণাই বিষয়গুলি এসেছে - তবে গভীর ভাবে বিশ্লেষণ করা হয়নি।

### ১.৬. গবেষণা এলাকা ও গবেষণা পদ্ধতি :

সারণী ৮.১: ৬টি ইউনিয়নে মনঃসামাজিক পরিস্থিতির সূচক নির্ণয়নের সারণী

ইউনিয়ন	বিশেষায়িত সেবা	অবিশেষায়িত সেবা	পরিবার ও কমিউনিটি সহায়তা	মৌলিক সেবা
তুমলিয়া	০	৪	০	৫
নাগরী	০	৫	৬	৫
খিদির পাড়া	০	৩	৪	৫
আড়িয়াল বালিগাঁও	০	৪	৫	৫
কদমতলা	০	৫	৬	৫
টোনা	০	৩	৪	৫

উৎস : নমুনা জরিপ, ২০১৭

উপরের সারণীতে দেখা যাচ্ছে, বিশেষায়িত মানসিক সূচক সকল ইউনিয়নে শূন্য। অবিশেষায়িত স্বাস্থ্য সূচক টোনা ইউনিয়নে ১০ এর মধ্যে তিন পেয়েছে। টোনা ইউনিয়নের প্রবীণরা বলেছেন, দু-একজন ডাক্তার ও স্বাস্থ্যকর্মী ছাড়া কেউ তাদের মনঃসমস্যার কোনো বিষয়ে শুনতে চান না। খিদির পাড়ার অবস্থাও তদ্রূপ। যারা সূচক ৫ পেয়েছেন- সেখানকার প্রবীণরা মানসিক সমস্যায় ডাক্তার ও স্বাস্থ্য কর্মীর পরামর্শ কিছুটা পেয়েছেন। পরিবার ও কমিউনিটির সহায়তা সূচক রিক কর্ম এলাকায় বেশি। মৌলিক সেবার সূচকে সকল ইউনিয়নে কম বেশি একই।

## নবম অধ্যায়

# প্রবীণদের মনঃসামাজিক সংকটের ব্যক্তিগত কাহিনি : কেস স্টাডি

কেস স্টাডি-১ঃ “আমি তো সব ভুলে যাই- এটা কি রোগ, আমি জানি না”- রইস

রইস উদ্দিনের বাড়ি মুন্সীগঞ্জের খিদির পাড়া ইউনিয়নে। রইস উদ্দিন একজন স্মৃতিভ্রষ্ট মানুষ। তার স্ত্রী ও ছেলেদের হিসাব অনুযায়ী তার বয়স ৬৯ বছর। তিনি বর্গা চাষী ছিলেন। তিন ছেলে ও এক মেয়ে। শুধু ছোট ছেলে ছাড়া সকলে আলাদা হয়ে গেছেন। ছোট ছেলে ব্যাটারী চালিত গাড়ি চালায়। তার আয়ে সংসার চলে। রইসের স্ত্রী আয়েশা (৫২) স্বামীর বর্তমান অবস্থার কথা বলতে গিয়ে বলেন, তার স্বামী ১৬ আনার মধ্যে ১৫ আনা স্মরণশক্তি লোপ পেয়েছে।

নিজের নাম-বাড়ীঘর কোনো কিছু তিনি বলতে পারে না। রাস্তায় গেলে নিজে চিনে বাড়িতে ফিরতে পারেন না। আয়েশা বলেন, “গত ৫ বছরে তার স্বামীর স্মৃতিশক্তি আরো হ্রাস পেয়েছে। প্রায় ৪০ বছর আগে তাদের বিয়ে হয়েছিল। বিয়ের পর থেকে তিনি দেখছেন তার স্বামীর শরীরের অসুখের চেয়ে মাথার ও মনের অসুখ বেশি। শুরুতে ঘুমের মধ্যে সমস্যা হতো, হঠাৎ কথা বলে উঠত; চিৎকার করত, গান গেয়ে উঠত। এ সবে বড় কোনো সমস্যা হত না। স্মরণশক্তির দিক দিয়ে ঘাটতি ছিল। এ নিয়ে অনেক সমস্যা হত। যারা জানত উনি মনে রাখতে পারে না-তারা সুযোগ নিতে চাইত। পাওনা টাকা অস্বীকার করত, অন্য দিকে অন্যায়ভাবে টাকা পয়সা দাবি করত। তবে ক্রমশ গ্রামে সবাই জানল রইস উদ্দিনের সমস্যা আছে-তখন টাকা দাবী করলে; গ্রামের মানুষ রইস উদ্দিনের পাশে দাঁড়াত। এর মধ্যে ছেলেরা বড় হয়েছে। কিন্তু রইস উদ্দিনের রয়স বাড়ার সাথে স্মরণশক্তি হ্রাস দৈনন্দিন জীবনের কর্মকাণ্ড ঠিক করতে পারছিলেন না। ইতিমধ্যে রইসের ছেলেরা আয়-রোজগার শুরু করে এবং বাবাকে কাজ করা থেকে বিরত রাখে।” আয়েশা ও তার ছেলেরা বাপের এই রোগ সম্পর্কে কোনো পরিস্কার ধারণা নেই। পাস করা ডাক্তারের কাছে গেছেন তারা পরামর্শ দিয়েছেন ঢাকায় নিয়ে চিকিৎসা করতে। আয়েশা বলেন, তিনি তার মতো করে বছর দশ আগে গাছ-গাছড়া দিয়ে চিকিৎসা করিয়েছিলেন, কাজ হয়নি। এখন আল্লার দোয়া কালাম পড়ে মোনাজাত করেন “আল্লাহ, আমার স্বামী ভাল মানুষ, সৎ মানুষ ওনার মনে রাখার ক্ষমতা ফিরিয়ে দাও।”

তিনি বলেন, এই মনে না রাখার অসুখ যন্ত্রণা কি কঠিন-কত কিছু যে খেয়াল রাখতে হয়। থাকতে হয়, তা বাইরে থেকে বুঝতে পারবে না। একটা বয়স্ক লোক যেন শিশু হয়ে যায়- তা যে কি কঠিন তা কেউ বুঝবে না।

রইস উদ্দিনের ছোট ছেলে বলে, তার বাবার এটা আর দশটা অসুখের মত। সে এবং তার বড় ভাইরা, ডাক্তার, চেয়ারম্যান, মেম্বার অনেকের সাথে আলাপ করেছেন। তার বাবার জন্য কোথায় গেলে চিকিৎসা পাওয়া যাবে, কি করলে স্বাভাবিক জীবনের কাজ কর্ম করতে পারবেন। কিন্তু কেউ কোনো সুনির্দিষ্ট পরামর্শ দিতে পারে নাই। এখন দিন দিন যে অবস্থা হচ্ছে- তাতে নিজে প্রশ্রাব-পায়খানার কথা বলতে পারেন না। তার দেখাশুনা করা আমাদের এক কঠিন অবস্থা।”

কেস স্টাডি-২ : “আমার অনেক মানুষের মধ্যে যেতে, অপরিচিত লোকের সাথে কথা বলতে, অফিসার, ক্ষমতাধরদের সাথে থাকলে অস্বস্তি, শরীরে ঘাম হয়”-আছমত আলী

আছমত আলীর বাড়ী গাজীপুরের তুমুলিয়া ইউনিয়নে। আছমত আলী একজন প্রাইভেট স্কুলের অবসরপ্রাপ্ত শিক্ষক। তার বয়স ৮১। পাকিস্তান আমলে ম্যাট্রিকুলেশন পাস করেন। পরীক্ষায় মোটামুটি ভাল ফল করেছিলেন। কিন্তু কর্ম জীবনের কোথাও সফল হন নি। স্ত্রী মারা গেছেন ৬২ বছর বয়সে, এক বছর আগে। ২ ছেলে-২ মেয়ে, সকলেই ভাল চাকরি করছেন। তারা বাবাকে দেখাশুনা করতে পারেন না। বাবাও কারো সাথে যোগাযোগ রাখেন না। তবু ছেলেমেয়েরা বাবাকে দেখতে আসে, লোক রেখে দিয়েছেন। আছমত আলী কম কথা বলেন, অনেক চেষ্টার পর তার সাক্ষাৎকার নেওয়া হয়।

ওনার কথা শুনে বোঝা যায়, উনি সারা জীবন সামাজিক ভীতিতে ছিলেন। বড় কোনো অনুষ্ঠানে গেলে; অপরিচিত লোকের সাথে কথা বলতে ভাল লাগত না; সামাজিক অনুষ্ঠান বিয়ে-জন্মদিন কোথাও তার স্বস্তি লাগত না; এমনকি নিজের ছেলের-মেয়ের বিয়ের অনুষ্ঠান ও স্ত্রী অন্যান্য আত্মীয়রা মিলে করত। নাম কা ওয়াস্তে উনি উপস্থিত থাকতেন। ওনার সব সময় মনে হতো তিনি অনেক ভাল চাকরির ইন্টারভিউ কার্ড পেয়েছেন-কিন্তু কোথাও ইন্টারভিউতে উপস্থিত হননি। ইন্টারভিউর আগে তার শরীর অসুস্থ হতো-বমি বমি লাগত। স্থানীয় বেসরকারি স্কুলে কোনো মতে শিক্ষকতা করেছেন-প্রধান শিক্ষকের দায়িত্ব দিতে চেয়েছেন কোনোভাবে রাজী হননি। স্ত্রীর উপর নির্ভর করে তার জীবন চলছে-স্ত্রীই সবকিছু। এখন স্ত্রীর অবর্তমানে নির্বাক হয়ে গেছেন। নামাজ পড়েন, তবে বাড়িতে বসে; এমনকি নিয়মিত শুক্রবার জুম্মার নামাজে যান না। শক্তিশালী ধর্মীয় বোধও ওনার সামাজিক ভীতি কাটিয়ে উঠতে সহায়তা করতে পারে নি। সাক্ষাৎকারে যখন স্ত্রীর অবর্তমানে তার অসুবিধা হয় কিনা জিজ্ঞেস করা হয় তখন তার চোখ ছল ছল করে ওঠে; কোন উত্তর দিতে পারেনি। সাক্ষাৎকারে উনি বলেন; এটা মনোরোগ এখন বুঝতে পারছেন। কিন্তু এর কি চিকিৎসা ও সমাধান আছে খুঁজে দেখেন নি। কোথাও থেকে তাকে কেউ এ সমস্যা ধরিয়ে দেন নি। তিনি শুনেছেন মনরোগের চিকিৎসা আছে-এটা স্বীকার করেন নাই -তাই এ চিকিৎসা খোঁজেননি। তিনি মনে করেন গ্রামে-বন্দরে বিভিন্নভাবে মানুষের এ জাতীয় মানসিক সমস্যা রয়েছে তার জন্য সচেতনতা ও পদক্ষেপ দরকার।

### কেস স্টাডি-৩ : “মেজাজের দোষেই আমি সব হারিয়েছি”- আলেয়া বেগম

আলেয়া বেগমের বাড়ি মুন্সীগঞ্জের আড়িয়াল বালিগাঁ ইউনিয়নে। বয়স ৭২ বছর। স্বামী মারা গেছে ২ বছর আগে। ৪ ছেলে-৪ মেয়ে সকলেই বিবাহিত-ছেলে মেয়ে নিয়ে তার ভরা সংসার। এক স্বচ্ছল পরিবারের কেন্দ্রে তিনি। স্বামীর বাড়িতে তিনি নিঃসঙ্গ জীবন কাটাচ্ছেন। নিঃসঙ্গ ও একাকী জীবনের পিছনে তার জীবনের একটা ইতিহাস রয়েছে। সেটা হচ্ছে তার মেজাজ। তার মেজাজ সব সময় নিয়ন্ত্রণহীন। এটা ছোটবেলা থেকেই। কখনও তিনি উচ্ছ্বসিত দুর্বীর; সব কাজ একা করতে চাইতেন। আবার অনেক সময় নিস্পৃহ-নিয়ন্ত্রণ কোনভাবেই সক্রিয় হতে পারতেন না। মেজাজের এই দ্বৈত রূপ চাপাই থাকতো বাইরের লোক জানত না। স্বামী ভাল ব্যবসায়ী ও ধীর স্থির মানুষ। তিনি স্ত্রীকে নানাভাবে বোঝানোর পরও এর কোনো পরিবর্তন হয়নি। স্বামী ছেলেমেয়েদের কোন সময় গায়ে হাত দেন নি। কিন্তু স্বামীর এই পরিমিত ব্যবহার আলেয়ার সন্তানদের শারীরিক শক্তি ও রাগী ব্যবহারে হারিয়ে যেতো। ছেলে মেয়েরা মাকে ভয় পেত এতবেশি-যখন মা আবার অগ্রহী হয়ে ছেলে-মেয়েদেরকে কাছে ডাকতেন তখন তারা সহজে কাছে আসতে চাইতো না। এইভাবে ছেলে-মেয়েদের সাথে অপ্রতিহত গতিতে দূরত্ব বাড়তে থাকে। মা ভাবতে থাকেন ছেলে মেয়েরা শুধু শাসনই দেখছেন-তার ভালবাসা দেখছেন না। ফলে বয়স বাড়ার পরও ছেলে মেয়েদের সাথে মন খুলে কথা বলার তৈরী হয়নি। শুধু ছেলে-মেয়েদের সাথে সম্পর্ক নয় এই দূরত্ব গড়িয়ে যায় নাতী-নাতনী পর্যন্ত। কোনো নাতি নাতনীদেব সাথে ঘনিষ্ঠ ও একান্ত সম্পর্ক হয়ে উঠেনি।

স্বামী যত দিন বেঁচে ছিলেন তখন স্ত্রীর অগ্নিবরা মেজাজ সামলিয়েছেন। তিনি ছেলে-মেয়েদের বুঝাতেন, “তোমার মা তো একটু মেজাজী কি করবি” এই দুবছরে স্বামীর অবর্তমানে যতটা শারীরিক তার চেয়ে বেশি মানসিকভাবে ভেঙ্গে পড়েছেন। বর্তমানে রক্তের উচ্চচাপ সহ বেশ কিছু জটিল রোগ বেড়েছে। আলেয়ার মৃত্যু ভয় গভীর হচ্ছে। একাকী বাড়িতে সে এখন হঠাৎ মৃত্যু চাইছে। অথচ তার কাছে ফোন আছে, ছেলে মেয়েরা ফোন করে খবর নিচ্ছে। বাড়ির আশে পাশে লোকজন আছে ডাকলেই এসে পড়বে। সাক্ষাৎকারে তিনি বলেন, ইদানীং কাউকে দোষ দেন না। নিজের মেজাজের জন্য অনুতপ্ত হোন আর ভাবেন নিজের মেজাজ পরিবর্তনের কি কোন পথ ছিলো না? নামাজ রোজা তিনি তো কম করেননি তবু মেজাজ তার বশে আসে নি। তিনি জানেন না তার মতো মেজাজীরা কিভাবে ভাল থাকেন। সেই পথ জানা থাকলে অবশ্য তিনি সে পথ অনুসরণ করতেন।

**কেস স্টাডি-৪ :** “আমার মধ্যে বিশাল আতংক ও সন্দেহ ছোটবেলা থেকে কাজ করছে। এখন আমি পঙ্গু হয়ে গেছি”-  
মাইকেল

মাইকেল (ছদ্মনাম) বয়স ৬৩। এখনও অবিবাহিত- সংসার করেন নি। তিনি নাগরী ইউনিয়নের বাসিন্দা। মাইকেল এনজিও, ব্যবসায়ী প্রতিষ্ঠান মিলে ১৩/১৪ টি জায়গায় চাকরি করেছেন। কোথাও থিতু হতে পারে নি। এখন নিজের গ্রামের বাড়ীতে চলে এসেছেন, “গোপনে থানায় ডাইরি করেছেন তার ভাইয়ের ছেলে তাকে খুন করতে চান-তার পৈত্রিক সম্পত্তি দখল করতে।”

সাক্ষাৎকার গ্রহণ করার সময় তাকে প্রশ্ন করা হয় সত্যি কি তিনি বিশ্বাস করেন তার ভাইয়ের ছেলে তাকে খুন করতে চান এর উত্তরে মাইকেল কোন নিশ্চিত উত্তর দিতে পারেন নি। তিনি বলেছেন, ওরা গোপনে ফিস ফিস করে কথা বলছে। এ থেকেই তার সন্দেহ জন্মেছে। তিনি এটাও জানেন ভাইয়ের ছেলেরা যখন জানবেন তাদের চাচা তাদের বিরুদ্ধে ডাইরি করেছেন তখন তারা চাচাকে কি চোখে দেখবেন ?

দীর্ঘ সাক্ষাৎকারে মাইকেল দুইটি বিষয়: ১. অলীক ধারণা ও অবাস্তব পর্যবেক্ষণ ২. সন্দেহবাতিক।

একসময় তার মধ্যে নিদ্রাহীনতা তৈরি হয়। অন্যদিকে মানুষের প্রতি সন্দেহবাতিক হয়। যে কোন সম্পর্কের মধ্যে সে সন্দেহ খুজতো। কিন্তু তা সে প্রকাশ করত না। এই সন্দেহ খণ্ডন করার চেষ্টা করতেন না। তার ভাষায়, “সন্দেহের বৃক্ষ তৈরি হয়” ফলে কোথাও কোন সম্পর্কে বিশ্বাস আনতে পারেন নি। মাইকেল বলেন, “সন্দেহ নিয়ে কোন গুরুত্বপূর্ণ সম্পর্ক রক্ষা করা যায় নি। মাইকেল বলেন, “তার বয়স যখন ১০/১২ বছর তখন তার বাবা তাকে একটা রুমে থাকতে পাঠায়। সেখানে তার এক চাচা থাকতো-চাচা বেশি সময় বাইরে থাকতেন। ফলে মাইকেল কে একাই থাকতে হতো। কিন্তু রাতে অদ্ভুত অদ্ভুত শব্দ শুনতো, ঘুম ভেঙে বাইরে তাকালে লম্বা ছায়া দেখতে পেতো। এভাবে মাইকেলের মধ্যে ভয় বাসা বাধে। এই ভয়ের কথা কাউকে বলতে পারতেন না। বয়স বাড়ার সাথে সাথে এই ধরনের আতঙ্কের কারণে কোন চাকরিতে টেকেন নি। কোন বন্ধুত্ব স্থায়ী হয় নি। এমনকি পরিবারের সদস্যরা এখন তাকে গুরুত্ব দেয় না। তাকে নিয়ে ভাবে না। মাইকেল বলেন, “এখন বয়স বাড়ার সাথে সাথে আমি শারীরিক ও মানসিক ভাবে আরো দুর্বল হয়ে পড়েছি। মনে হয় মৃত্যু আসন্ন।”

সাক্ষাৎকারে যখন জিজ্ঞেস করা হল তার এই সমস্যাকে কিভাবে দেখছেন, তিনি বলেন, “আমি খৃস্টান, আমি জানি মনোরোগের আধুনিক চিকিৎসা রয়েছে, কিন্তু আমি স্থির হয়ে সেই চিকিৎসা নেওয়ার সিদ্ধান্ত নিতে পারিনি। আর কেউ আমাকে গাইড করে নি।” যখন তাকে জিজ্ঞেস করা হয় এখনও কি এই চিকিৎসা খুঁজে বের করা যায় কি? তিনি বলেন, হয়ত যায়। কিন্তু কারো সহায়তা ছাড়া আমি চিকিৎসা গ্রহণ করবো কিভাবে।

**কেস স্টাডি-৫ :** “আমার মনে হতো সবাই অসৎ কাজ করছে, দুনিয়ায় কোন ভাল মানুষ নেই- এ সন্দেহই আমাকে শেষ করেছে।” আব্দুর রহমান

কদমতলা ইউনিয়নের আব্দুর রহমান (ছদ্মনাম) বয়স ৭০ বছর। ভূমি অফিসে চাকরি করেছেন। এই চাকরি সূত্রে ব্যক্তিত্বে অবিশ্বাস-ত্রুটি তৈরি হয়েছে যে তাকে দিয়ে কোনো ভাল কাজ হতে পারে না। তিনিও সকলকে সন্দেহ করতেন, আশে পাশের সকল মানুষ সংকীর্ণ স্বার্থে ঘুরছে।

রহমান বলেন, “এই বিশ্বাস নিয়ে আমার মরতে হতো যদি না আমি এই ইউনিয়নের প্রবীণ কমিটির কর্মকাণ্ডের সাথে যুক্ত হতাম।” তিনি বলেন, আমি প্রায় ৩০ বছর ভূমি অফিসে কেরানী পদে চাকরি করেছি। এই চাকুরি চলাকালে আমি নিজেও যেমন অধঃপতিত হয়েছি তেমনি এখানে যারা এসেছে সকলেই কোনো না কোনো ভাবে সুযোগ নিয়েছে-অনিয়ম করছে।

কিন্তু ২০০৯ সনে এখানে এই ইউনিয়নে দেখতে পাই প্রবীণরা সংগঠন করছে। কমিটির বিষয়ে আমার পুরোনো বিশ্বাসের কারণে আমি অনেক প্রবীণকে উপহাসও করেছি।

আমি বলেছি, মসজিদ মন্দির ছেড়ে রাজনৈতিক দলের মত কবরের যাওয়ার আগে দলবাজী করছেন কেন? প্রবীণদের কমিটির প্রয়োজন কেন, যারা এই ইউনিয়নের প্রবীণদের অগ্রণী ছিলেন তারা সকলে ধৈর্য ধরে আমার অবিশ্বাস যুক্তি খন্ডন করেছেন।

এক পর্যায়ে আমি প্রবীণ কমিটির সদস্য হয়েছি-গত ৬ বছর এ ইউনিয়নের প্রবীণদের সংগঠনের সাথে কাজ করছি। এখান থেকে আমি আমার জীবনের সবচেয়ে বড় লাভ খুজে পেয়েছি, নিজের মনে শান্তি পেয়েছি। আমি এখন বিশ্বাস করি-শুধু শারীরিক অসুস্থতা প্রবীণদের নয়। মানসিকভাবে অসুস্থ প্রবীণকে এই সংগঠনের মধ্যে সেবা সহায়তা দিয়ে, আত্মবিশ্বাসী করে সমাজে হিত ও কল্যাণের প্রতি আস্থা বান করা যায়। এটা কদমতলা ইউনিয়নের বড় প্রাপ্তি। এই ইউনিয়ন বাংলাদেশের যে কয়টি প্রবীণ বান্ধব ইউনিয়ন আছে তার মধ্যে একটি।

সাক্ষাৎকারে আরো প্রশ্ন করা হয় আপনি যে বললেন, “প্রবীণ সংগঠনের মাধ্যমে মানসিক রোগ অসুস্থতার সহায়তা ও সমাধান হতে পারে।” রহমান বলেন প্রবীণরা শুধু শারীরিক রোগেই ভোগেন না মনের রোগেও ভোগেন। অথচ তার কোনো স্বীকৃতি নেই। অথচ প্রবীণদের মনের ভারসাম্য থাকলে শরীরে সুস্থতা সহজ হয়। রহমান বলেন, কদমতলায় তার গ্রামে তিনি দল বেধে ব্যায়াম চালু করেছেন। এই দলে প্রতিদিন প্রবীণের সংখ্যা বাড়ছে। আগে ৩/৪ জন হাটতেন, এখন ১০ জন একত্রে সকালে গ্রামের রাস্তায় হাটেন, স্কুলের মাঠে ব্যায়াম করেন। তাই এই দুই মিলে যে অবস্থা তৈরি হয় সেটাই মনঃসামাজিক অবস্থা। রহমান বলেন, “আমার মতে আমাদের যে সমস্যাগুলি হচ্ছে তা হলো আমরা নিজেকে বিশ্বাস করি না। সমাজকে বিশ্বাস করি না, আমরা যদি সবাই মিলে কাজ করতে পারি, তাহলে আমাদের প্রবীণদের মনঃসামাজিক অবস্থার উন্নতি হবে; ফলে প্রবীণের উদ্দীপনা তৈরি হবে। ঘরে বসে যে টেনশন হয়, ঝগড়া হয়। তার জন্য আমাদের ডায়াবেটিস ও হৃদরোগ বাড়ে-আমরা প্রবীণরা এক হলে এসব রোগের চাপ এক ইঞ্চি হলেও কমবে। সাক্ষাৎকারে রহমানকে জিজ্ঞেস করা হয়; আপনি প্রবীণদের মনঃসামাজিক সমস্যা সমাধানে কি সুপারিশ করেন? খেই হারিয়ে পুনরায় রহমান জানতে চান মনঃসামাজিক বিষয়টি কি? তাকে বলা হয় মনের নিজস্ব কতগুলি বিষয় চিন্তা ভাবনা, বিশ্বাস-অবিশ্বাস, ভাল লাগা, খারাপ লাগা, উত্তেজিত হওয়া, শান্ত হওয়া, রেগে যাওয়াতে এই বিষয়গুলির প্রকাশের মধ্যে মনের গতি বোঝা যায়।

**কেস স্টাডি-৬ :** “গুলে যে এত বিষ তা জনতাম না, এখন ছাড়তে না পারায় নিজের উপর ধিক্কার আসছে।”- নূর বানু

পিরোজপুর-এর টোনা ইউনিয়নের বাসিন্দা নূরবানুর (৬৪) গুল ব্যবহার বন্ধের জন্য উপজেলা ডাক্তার, এলাকার কাউন্সিলর পরামর্শ ও থেরাপি নিতে বলছেন। বড় ছেলে মাকে ভালবাসেন কিন্তু বিধবা মায়ের গুল ব্যবহারের জন্য মানসিক থেরাপী কোথায় পাবেন ও কিভাবে থেরাপি দেবেন তা জানেন না। ছেলে ব্যবসা করেন, মায়ের চিকিৎসার জন্য টাকা ব্যয় করতে কোন অবহেলা করেন না। নূরবানু প্রায় ২০ বছর ধরে নিয়মিত গুল ব্যবহার করে আসছেন। নূর বানু বলেন গুল ব্যবহারকে কেউ খারাপ চোখে দেখে না, কেউই একে নেশা হিসেবে দেখে না তাই গুল ব্যবহারে যে ক্ষতিকর দিক আছে এমন পরামর্শ পাননি। পেলে তিনি গুল খেতেন না।

নূরবানুর স্বামী মারা গেছেন ৫ বছর আগে। স্বামী মারা যাওয়ার পর নূরবানুর বুকের ব্যাথা, উচ্চ রক্তচাপ ধরা পড়ে। স্থানীয় পাস করা ডাক্তাররা প্রথমে জানতেন না নূরবানু সপ্তাহে ৩টা করে গুল ব্যবহার করে। উপজেলা যে ডাক্তারের কাছে ছেলেরা নিয়ে গেছে সে তিন বছর আগে নূরবানুকে সতর্ক করে দিয়েছে যে কোন মূল্যে গুল ব্যবহার বন্ধ করতে হবে। গুল বন্ধ না করলে তাকে চিকিৎসা করে কোনো ফল পাওয়া যাবে না। উপরন্তু প্রবীণ বয়সে তার ক্যানসারের ঝুঁকি রয়েছে। নূরবানু একশত ভাগ চেষ্টা করছেন গুল বন্ধ করতে কিন্তু পারেন নি। গুল বন্ধ করলে তার খাওয়া বন্ধ হয়ে কোষ্ঠকাঠিন্য হয়। এ ব্যাপারে গত ২ বছর ধরে ডাক্তার খাওয়া-দাওয়ার নিয়ম কানুন সহ নানা পরামর্শ দিচ্ছেন। নূরবানু পরামর্শ মানার চেষ্টা



করছেন কিন্তু গুল বন্ধ করতে সফল হচ্ছেন না। গত এক মাস আগে ডাক্তার বলেছেন পরামর্শ দিয়েছেন গুল বন্ধের মন রোগ বিশেষজ্ঞ ও কাউন্সিলর এর কাছে যেতে। ছেলেটা এ বিষয় কিছু বুঝে উঠতে পারছেন না। কারণ এ ধরনের চিকিৎসা উপজেলা বা মুন্সিগঞ্জ জেলা শহরে নেই। ছেলে সাক্ষাৎকারে বলেছে, ঢাকায় আছে। উপজেলা ডাক্তার ঢাকায় খোঁজ নিতে বলেছে। কিন্তু ঢাকায় কার কাছে-কি খোঁজ নেবে বুঝে উঠতে পারছে না। এদিকে গুল ব্যবহারের এ পরিণতির জন্য নূরবানু মানসিক চাপের মধ্যে আছে। আগের সপ্তাহে তিনটি গুলের জায়গায় ২ টি ব্যবহার করেছেন, কম ব্যবহার করলে উথড্যাল উপসর্গ শুরু হয়। ছেলে, বউ, নাতি, নাতনী নূরবানুর গুল ব্যবহার নিয়ে পিছনে উপহাস করে। এটা নূর বানু জানে; সেটা তার মনকে আরো দুর্বল করে দিয়েছে। মাঝে মাঝে রাগ হয়ে সব গুল ফেলে দেয়। আবার দাতের গোড়া কেমন করে, মুখও অন্যরকম হয়ে যায়, তখন বাধ্য হয়ে নাতিদের অনুরোধ করে গুল আনিয়ে নেয়। কিন্তু নূরবানু গুল বন্ধের সহায়তা নিতে ঢাকা যেতেও রাজী আছে। তার সব পরামর্শ মানবে বলে ছেলেকে বলেছে। ছেলে এখন গুল বন্ধের খেরাপী নেবার জন্য মাকে ঢাকা নেওয়ার পরিকল্পনা করছে।

## দশম অধ্যায়

# প্রবীণদের মনঃসামাজিক অবস্থার পরিবর্তন ও প্রবীণ সংগঠনের প্রাসঙ্গিকতা

এই গবেষণায় ৬ টি ইউনিয়নে ১৮ জন মূল তথ্য দাতার সাক্ষাৎকার গ্রহণ করা হয়। প্রতি ইউনিয়নে ৩ জন করে মূল তথ্যদাতা ছিলেন। এই তিন জন মনোনীত করা হয় ৬ টা ইউনিয়নকে দু'ভাগ করে। ৩ টি ইউনিয়ন ছিল যেখানে রিকের প্রবীণ কর্মসূচি আছে। অন্য তিনটি ইউনিয়ন যেখানে রিকের কর্মসূচি নেই। মূল তথ্য দাতা মনোনয়নের নির্ণায়ক ছিল যারা ইউনিয়নের প্রবীণ জনগোষ্ঠী সম্পর্কে অবহিত ইউনিয়নের স্বাস্থ্য সেবা ও অন্যান্য উন্নয়ন কর্মসূচি, সামাজিক রাজনৈতিক সম্পর্কে পর্যবেক্ষণ রয়েছে। রিকের প্রবীণ কর্মসূচি নেই এমন তিন ইউনিয়নে নির্ভর করতে হয়েছে স্বাধীনভাবে এলাকার অপেক্ষাকৃত জানাশোনা সমাজ সচেতন ব্যক্তিদের উপর। সাধারণভাবে মূল তথ্যদাতারা এক: স্বাস্থ্য কর্মী বা প্যারামেডিক; দুই: ইউনিয়নের পরিষদের নির্বাচিত সদস্য; তৃতীয়: রিকের কর্মসূচী আছে এই তিন ইউনিয়নে প্রবীণ সংগঠনের সভাপতি/সাধারণ সম্পাদক প্রবীণদের মনঃসামাজিক পরিস্থিতি নিয়ে কথা বলেছেন। Control ইউনিয়নে সাধারণভাবে সমাজের নেতৃস্থানীয় প্রবীণরা প্রবীণদের পরিস্থিতি নিয়ে বিশ্লেষণ করেছেন।

এই সাক্ষাৎকারে মূলত তিনটি প্রশ্ন কেন্দ্র করে আবর্তিত হয়।

**প্রথম:** বর্তমানে প্রবীণদের মনঃসামাজিক পরিস্থিতি কি?

**দ্বিতীয়:** কি ধরনের উদ্যোগ হলে প্রবীণদের মনঃসামাজিক অবস্থার ইতিবাচক উন্নতি হতে পারে?

**তৃতীয়:** প্রবীণদের সংগঠন কি ভাবে প্রবীণদের মনঃসামাজিক অবস্থার উন্নতিতে ভূমিকা পালন করতে পারবে?

১৮ জন প্রবীণ সংগঠনের নেতাদের সাক্ষাৎকার এর বর্ণনা থেকে প্রাপ্ত মূল সূত্রগুলি এখানে তুলে ধরা হলঃ

প্রবীণদের মনঃসামাজিক পরিস্থিতি : মূল তথ্য দাতাদের বেশিরভাগ মনঃসামাজিক পরিস্থিতি বলতে কি বোঝায় সে বিষয়ে পাল্টা প্রশ্ন করেছেন। পারস্পরিক আলোচনায় সবাই একমত হয়েছেন যে মনের ও সমাজের সম্পর্কই মনঃসামাজিক অবস্থার মূল বিষয়। মন বা মনস্তাত্ত্বিক বিষয়গুলি মধ্যে থাকে মনের স্বাস্থ্য এবং মনের স্বাস্থ্য ভাল ও খারাপ হওয়ার ক্ষেত্রে সমাজের ভূমিকা। মূল তথ্যদাতা স্ব-স্ব ইউনিয়নে মনঃসামাজিক অবস্থাকে যেভাবে ব্যাখ্যা করেছেন- তাকে বলা যায় অবিকশিত ও মনঃসামাজিক সেবার সম্পূর্ণ অনুপস্থিতি।

প্যারামেডিকরা বলেছেন এ বিষয় প্রচণ্ড সচেতনতার অভাব রয়েছে। কমিউনিটি ভিত্তিক চিকিৎসা সেবা জড়িত হয়ে তারা বাস্তব কারণে রোগীর মনস্তাত্ত্বিক দিকগুলোকে বিবেচনায় নিতে পারছেন না।

একজন স্বাস্থ্য কর্মী বলেছেন, তিনি মানসিক ভাবে অসুস্থ রোগীর জন্য পরামর্শ সেবা ও থেরাপির কথা জানেন। গ্রাম পর্যায়ে কী ভাবে তা প্রয়োগ করা যেতে পারে বলতে পারছেন না।

একজন ইউনিয়ন পরিষদের মেম্বর বলেছেন, “প্রবীণদের মানসিক সেবা থেরাপির প্রয়োজনীয়তা অন্য বয়সীদের তুলনায় বেশি, অথচ প্রবীণদের মনের স্বাস্থ্য ভাল করার কোন উদ্যোগ নেই। ডাক্তাররা শুধু ঘুমের ওষুধ দিয়ে নিশ্বেজ করে দিচ্ছেন।” তুমুলিয়ার একজন অভিজ্ঞ প্রবীণ বলেছেন, “প্রবীণদেরকে শুধু ঔষধের ওপর ফেলে রাখলে হবে না-তার অংশগ্রহণ, কর্মকাণ্ড চলমান রাখতে হবে-এই পরামর্শ ও সেবা মানসিক স্বাস্থ্য সহায়তার মাধ্যমে দিতে হবে।

প্রবীণ কমিটির সভাপতি বলেছেন, “মানসিক স্বাস্থ্য সেবা যদি বৃদ্ধি না করা যায় তবে ঘরে ঘরে শুধু শারীরিক ভাবে অসুস্থ নয় মানসিকভাবে পঙ্গু প্রবীণদের সংখ্যা বেড়ে যাবে”। কদমতলার প্রবীণ কমিটির সাধারণ সম্পাদক বলেছেন যে, তিনি তার কমিটির অনেক স্ট্রোকের প্রবীণ রোগীর সাথে যোগাযোগ রেখেছেন, সাহস দিয়েছেন ফলে তারা এখন আস্থা নিয়ে ঘুরে দাড়িয়েছেন। এটাকেই সে মনঃসামাজিক সেবা বলছেন।

### সম্ভাব্য উদ্যোগ ও সুপারিশ :

সবাই সরকারি উদ্যোগের উপর জোর দিচ্ছেন। একজন স্বাস্থ্য কর্মী বলেছেন, সরকার ফিজিওথেরাপী সেবা দিচ্ছেন। সেইভাবে প্রবীণদের জন্য সাইকোসোস্যাল থেরাপির ব্যবস্থা করতে পারেন। একজন ইউপি চেয়ারম্যান বলেছেন, এনজিও এবং সরকার কারিগরি সহায়তা দিলে তার ইউনিয়নে জরিপ করে মানসিকভাবে অসুস্থ প্রবীণদের চিহ্নিত করতে পারবেন।

কদমতলার প্রবীণ কমিটির নেতা বলেন, যত দিন প্রবীণদের মানসিক স্বাস্থ্য সেবার পূর্ণাঙ্গ ব্যবস্থা না করা যাবে ততদিন মানসিক স্বাস্থ্য সেবা ক্যাম্প করে প্রবীণদের সেবা দিতে হবে। আরেকজন প্যারামেডিক বলেছেন, “সরকার পর্যায়ক্রমে প্যারামেডিক ও স্বাস্থ্য কর্মীদের প্রশিক্ষণ দিয়ে মানসিক সেবার জন্য প্রস্তুত উদ্যোগ নিতে পারে।

### প্রবীণদের সংগঠনের ভূমিকা :

কদমতলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বলেছেন, প্রবীণ সংগঠনের সদস্যদেরকে প্রশিক্ষণ দিয়ে প্রস্তুত করুন, তারা প্রবীণদের মানসিক স্বাস্থ্য উন্নতিতে ইতিবাচক সামাজিক পরিবেশ তৈরি করতে পারবেন। প্রবীণ সংগঠন হচ্ছে পরিবর্তনের চালিকা শক্তি। স্বাস্থ্য কর্মী ও প্যারামেডিক স্বীকার করছেন প্রবীণ সংগঠন কাজে লাগাতে পারলে প্রবীণদের মনঃসামাজিক অবস্থার কঠিন কাজটাও সহজ হয়ে যাবে।

# একাদশ অধ্যায়

## উপসংহার ও সুপারিশ

### উপসংহার :

১. পূর্বের অধ্যায় এ উত্তর দাতা প্রবীণদের শিক্ষা ও বসবাসের ধরণ থেকে প্রবীণদের মানবিক উন্নয়নের ঘাটতি লক্ষ্য করা যায়। মোট উত্তরদাতাদের এক পঞ্চমাংশই নিরক্ষর, তাদের হার হচ্ছে ২১%। এট অনস্বীকার্য আধুনিক সমাজে প্রবীণ বয়সে নিরক্ষরতা এক অভিশাপ স্বরূপ। বাড়ির মালিকানাতে প্রবীণদের আধিপত্য হ্রাস পেয়েছে। এ হ্রাস পাওয়া খুবই গুরুত্বপূর্ণ।
২. সাধারণভাবে কর্মসংস্থান হচ্ছে আর্থসামাজিক ও পরিবারের ক্ষেত্রে ক্ষমতার বড় উৎস। কর্মসংস্থানের দিক দিয়ে প্রবীণদের অবস্থা খুবই নাজুক, অর্ধেকেরও বেশী ৫৫.৮% প্রবীণ কাজে অক্ষম ও নির্ভরশীল। স্বাভাবিকভাবে পুরুষের চেয়ে নারীরা কর্মসংস্থানে অক্ষম বেশী। অক্ষমতার ব্যাখ্যা হচ্ছে, যারা শারীরিক, মানসিক বা অন্যান্য বাধার কারণে কাজের সুযোগ থাকা স্বত্বেও কাজ করতে পারছেন না। কাজ করার অক্ষমতা তাদের নির্ভরশীল ও মানসিকভাবে দুর্বল করে দিয়েছে।
৩. এ গবেষণার সংখ্যাগত ফলাফলে দেখা যাচ্ছে, অধিকাংশ নারী-পুরুষ একক পরিবারে বসবাস করছে। এটি একটি ঐতিহাসিক রূপান্তর। একক পরিবারে সাধারণত প্রবীণদের সেবা ও সহায়তার ব্যাপারে জনবলের অভাব থাকে। ফলে প্রবীণদের জীবন যাপন কষ্টকর হয়ে পড়ে। এ গবেষণায় দেখা যাচ্ছে ৩৯.৭% পুরুষ ও ২৬.৪% নারী প্রবীণরা একক পরিবারে বসবাস করে।
৪. এ গবেষণার সংখ্যাগত ফলাফলে দেখা গেছে, বিবাহিত প্রবীণরা বেশী। বিবাহিত প্রবীণরা তুলনামূলকভাবে বিধবা-বিপত্নীক প্রবীণদের চেয়ে কম দুঃস্থ ও সংকটগ্রস্থ। কারণ প্রবীণ জীবনে বিবাহিত স্বামী স্ত্রী পারস্পরিক সহযোগিতা অনেক সমস্যা সমাধানে সহায়ক হয়।
৫. তবে বিধবা প্রবীণরা সবচেয়ে বেশী সংকটগ্রস্থ হন। একদিকে তাদের সম্পদের উপর মালিকানা নিয়ন্ত্রন হ্রাস পায়, অন্যদিকে স্বামীর অবর্তমানে পরিবারে তাদের অবস্থান দুর্বল হয়ে পড়ে। এ গবেষণায় ৬৬.২% প্রবীণরা বিবাহিত। ২৯.৬% প্রবীণ নারী বিধবা, ৩.১% প্রবীণ বিপত্নীক।
৬. গড় প্রত্যাশিত আয়ু ক্রমশ বাড়ায় ৬০ বছরের পরেও আরো অনেক বছর বেচঁ থাকার সম্ভবনা বেড়েছে। তবে বাংলাদেশের জনমিতিক রূপান্তরে এখনো তরুণ প্রবীণদের সংখ্যা বেশী। এ গবেষণায় অর্ধেকের বেশী ৫৮.৪% হচ্ছে তরুণ প্রবীণ। কাজেই তরুণ প্রবীণদের কেন্দ্র করে সামাজিক উদ্যোগ বাস্তবায়ন করার সুযোগ রয়েছে।
৭. এ গবেষণায় দেখা যাচ্ছে, এক পঞ্চমাংশের বেশী (২১%) প্রবীণরা নিরক্ষর। কাজেই প্রবীণদের মাঝে বাংলাদেশের নিরক্ষর জনগোষ্ঠীর বড় অংশ রয়েছে।
৮. এ গবেষণায় দেখা গেছে মাত্র ৫৬.৪% প্রবীণ নিজেদের মালিকানায় বাড়ীতে বসবাস করেন। মোট প্রবীণদের একটি বড় অংশ নিজস্ব মালিকানার বাড়ী প্রবীণ জীবনের নিরাপত্তার জন্য জরুরী।
৯. এ গবেষণায় প্রবীণদের কর্মসংস্থানের একটা চিত্র পাওয়া যায়। এ চিত্র হতাশাজনক। মাত্র ৩০% আয়মূলক কর্মসংস্থানে রয়েছেন। ৫৫.৮% প্রবীণ যারা কাজ করতে অগ্রহী, কিন্তু শারীরিক, মানসিক, পরিবেশগত ও ব্যবস্থাগত কারণে আয়মূলক কাজে জড়িত হতে পারছেন না।
১০. প্রবীণরা বাসস্থানের বহুমুখী সমস্যায় আক্রান্ত। তারা সবচেয়ে বড় যে সমস্যায় জোর দিয়েছেন, তা হলো বসবাসের জায়গা থেকে দূরে টয়লেটের অবস্থান। প্রায় ১০০% প্রবীণ টয়লেট ব্যবহারের কোন না কোন সমস্যার কথা বলেছেন। কাজেই প্রবীণদের স্বস্তি ও সুস্থতার জন্য টয়লেট ব্যবস্থা উন্নত ও প্রবীণ বান্ধব করা প্রয়োজন।
১১. প্রবীণ বয়সে খাবার গ্রহণ নিয়ে সন্তুষ্টি, অসন্তুষ্টি শারীরিক মানসিক স্বাস্থ্যের সাথে সম্পর্কিত। ৭৮.৬% প্রবীণরা বলেছেন, বর্তমানে যা খাচ্ছেন তাতে তারা সন্তুষ্ট নন। ৭২% প্রবীণরা বলেছেন, তারা খাবার তৃপ্তি ও শক্তি পাচ্ছেন না। তবে প্রবীণদের মাঝে পুষ্টিগত খাদ্যগ্রহণ/ঝুঁকিপূর্ণ খাদ্য বর্জনের প্রবণতা বেড়েছে। এ গবেষণায় ৩৪% প্রবীণরা

বলেছেন তারা ঝুঁকিপূর্ণ খাদ্য এড়িয়ে চলতে চান। ১৯% প্রবীণরা বলেছেন তারা ডাক্তারের পরামর্শ অনুযায়ী খাবার গ্রহণ করেছেন।

১২. সংখ্যাগত জরিপে প্রবীণদের সুস্থতা/অসুস্থতা নিয়ে প্রশ্নের উত্তরে শারিরিক অসুস্থতার কথা বলেছেন। ১৮ টি স্বাস্থ্য সমস্যার কথা বলেছেন। অসংক্রামক রোগ বা এনসিডি তথা ডায়বেটিকস, উচ্চরক্তচাপ, হৃদরোগ, হাপানী পেটের সমস্যার কথা ঘুরে ফিরে এসেছে। বেশীরভাগ প্রবীণ ৫৯% ফার্মেসী থেকে ব্যবস্থাপত্র ছাড়াই ঔষধ সেবন করেছেন। তবে জরিপে প্রবীণরা মানসিক স্বাস্থ্যের কথা সরাসরি বলেন নি, তাই এখনো অসুস্থতা বলতে শারিরিক অসুস্থতাই বুঝেন।
১৩. বাংলাদেশে সংখ্যাগরিষ্ঠ প্রবীণরা নিজেদের প্রবীণ জীবন সম্পর্কে সুস্পষ্ট ও স্থির ইতিবাচক পোষণ করেন না। তবে একক ভাবে নেতিবাচক নয়। ইতিবাচক ও নেতিবাচক এর মধ্যে বিভক্ত। এ গবেষণায় ৫২.৮% প্রবীণ উত্তরদাতা বলেছেন তারা এ জীবন নিয়ে সন্তুষ্ট, আবার ৪৭.২% অসন্তুষ্ট। অন্যদিকে উত্তরদাতাদের ৬২.৮% বলেছেন তারা এ জীবনে শূন্যতা বোধ করেন না। কাজেই বাংলাদেশের প্রবীণরা বিশ্বাস, মনোভাব ও দৃষ্টিভঙ্গির দিক দিয়ে পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছে।
১৪. বাংলাদেশের প্রবীণদের দীর্ঘমেয়াদে অসুস্থতা ক্রমশ বাড়ছে। এ গবেষণায় ৭৩.৬% উত্তরদাতা বলেছেন তারা দীর্ঘ মেয়াদে অসুস্থতায় ভুগছেন, তবে পুরুষ উত্তরদাতারাই দীর্ঘমেয়াদে অসুস্থতার কথা কিছু বেশী বলেছেন, ৩৮.৯% পুরুষ প্রবীণ ও ৩৪.৭% নারী প্রবীণ দীর্ঘ মেয়াদে অসুস্থতার কথা বলেছেন। সংখ্যাগরিষ্ঠ ৬৭% প্রবীণরা বলেছেন তারা সরকারী হাসপাতালে যান নাই, ধরে নেয়া চলে তারা নিয়মিত চিকিৎসার বাইরে।
১৫. বাংলাদেশের প্রবীণদের অবসর ও বিনোদন একঘেঁয়ে ও বৈচিত্র্যহীন। বেশীরভাগ প্রবীণরাই ধর্মীয় আচার অনুষ্ঠান, প্রার্থনায় সময় কাটিয়ে থাকেন। এ গবেষণায় ৭৭% প্রবীণরা বলেছেন, তারা বেশীরভাগ সময় ধর্মীয় কাজে কাটান ২৮% প্রবীণেরা বলেছেন তারা টেলিভিশন দেখে সময় কাটান।
১৬. প্রবীণদের সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণ ইতিবাচক নয়। ৮০% প্রবীণ পারিবারিক অনুষ্ঠানাদিতে যোগদান করে থাকেন। মাত্র ৫০% প্রবীণেরা বলেছেন তারা সালিশ, স্মরণসভা ধরনের অনুষ্ঠানে যোগদান করেছেন।
১৭. বাংলাদেশে সুস্থ কর্মময় জীবন যাপনে তামাক আসক্তি একটি বড় বাধা। এ গবেষণা থেকে দেখা গেছে ৭৪.৪% প্রবীণ নানা ধরনের তামাক পণ্যে বা ধূমপানে আসক্ত। ফলে প্রবীণদের দু'তৃতীয়াংশ ক্রমশ বড় স্বাস্থ্য ঝুঁকির মধ্যে থাকছেন।
১৮. এ গবেষণায় দেখা যাচ্ছে, এক চুর্খাংশ প্রবীণের চলাফেরায় সমস্যা হচ্ছে। এ সমস্যার কারণে প্রবীণেরা বিচ্ছিন্ন ও নিঃসঙ্গ হয়ে পড়েন।
১৯. প্রবীণদের মধ্যে ২৬% মোবাইল ফোন ব্যবহার করেন, তন্মধ্যে ১৭% প্রবীণ মোবাইল ফোনের মাধ্যমে স্বাস্থ্য পরামর্শ নিয়ে থাকেন। যদিও আপাততঃ ১৭% খুব বেশী নয়, মোবাইল ফোনের মাধ্যমে স্বাস্থ্য পরামর্শ নেয়া প্রযুক্তি ব্যবহারে প্রবীণদের একটি ইতিবাচক দিক।
২০. প্রবীণদের মন খারাপ সমাধানে কোন সচেতন উদ্যোগ নেই। গবেষণায় দেখা যাচ্ছে, প্রবীণরা টেলিভিশন, ঘোরাফেরা করে কোনভাবে সময়টা পার করতে চান। এর ফলে প্রবীণদের প্রকৃত মানসিক সমস্যার সমাধান হচ্ছে না।
২১. প্রবীণরা ক্রমশ: তাদের প্রতি বিরূপ আচরণ, মনোকষ্টের নীরবতা ভঙ্গ করছেন। এ গবেষণায় ৩৬.৯% প্রবীণরা স্বীকার করেছেন পারিবারিক পর্যায়ে তাদের সাথে বিরূপ আচরণ করা হয়েছে। এর মধ্যে ১৯.৭% প্রবীণ পুরুষেরাই বিরূপ আচরণের কথা বলেছেন। তবে প্রবীণ নারীরা ১৭.২% বিরূপ আচরণের কথা বলেছেন।
২২. পারিবারিক পর্যায়ে প্রবীণদের প্রতি সহানুভূতিশীল কতটা ব্যবহার বেড়েছে। এ গবেষণার এফজিডিতে অংশগ্রহণকারী প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এ মত প্রকাশ করেছে। কিন্তু কেউই প্রতিকার ব্যাপারে সুস্পষ্ট মত দিতে পারেনি। ২৬ জন প্রবীণ বলেছেন, তারা বিভিন্ন পর্যায় পারিবারিক পর্যায় সালিশের মাধ্যমে প্রতিকার চেয়েছেন, কিন্তু বেশীরভাগ বলেছেন প্রতিকার পাননি।

২৩. প্রবীণ মানসিক রোগীর সংখ্যা দ্রুত বাড়ছে। মানসিক রোগ বলতে তারা স্মৃতিশক্তি হারানোকে অন্তর্ভুক্ত করেছে। এফজিডিতে অংশগ্রহণকারী প্রবীণরা বলেছেন প্রবীণদের মধ্যে ৪/৫ জন রয়েছেন যারা মানসিকভাবে অসুস্থ, তবে তারা মনে করেন ৮৯% প্রবীণই মানসিক অসুস্থতার ঝুঁকির মধ্যে রয়েছেন।
২৪. প্রবীণদের মন:সামাজিক সংকট ক্রমশ জটিল রূপ নিচ্ছে। এ গবেষণার ৬টি কেস স্টাডি থেকে দেখা যাচ্ছে; প্রতি সংকট ভিন্ন, স্বতন্ত্র বৈশিষ্ট্য মণ্ডিত। কিন্তু কেউই কোন নির্ভরযোগ্য নিরাময় পদ্ধতির অভিজ্ঞতা লাভ করতে পারেনি।

## সুপারিশসমূহ :

১. একক পরিবার কাঠামোর মধ্যে প্রবীণদের সেবা ও সুরক্ষা নিশ্চিত করতে সমাজ কল্যাণ ও স্বাস্থ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকারের সহযোগিতায় পরীক্ষামূলক কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন করা প্রয়োজন। কারণ এ গবেষণায় দেখা গেছে, একক পরিবারের সংখ্যা দ্রুত গতিতে বাড়ছে। প্রস্তুতি ও সমঝোতার অভাবে একক পরিবারে প্রবীণরা সংকটে পরেছেন। এ গবেষণায় আরো দেখা গেছে, বেশীর ভাগ প্রবীণরা ভবিষৎ এ একক পরিবারে বাস করতে যাচ্ছেন।
২. এ গবেষণার ফলাফলে, একদিকে প্রবীণদের আয়মূলক কর্মসংস্থানের সুযোগ নেই, অন্যদিকে বেসরকারী ও অনানুষ্ঠানিক খাতে ভারতীয় কোন বন্দোবস্ত নেই। ফলে প্রবীণদের জন্য অস্তিত্বের সংকট তৈরী হচ্ছে। এ সংকট সমাধানের জন্য দ্রুত সার্বজনীন ভাতা বাস্তবায়নের পর্যায়ক্রমিক রাষ্ট্রীয় ঘোষণা প্রয়োজন।
৩. এ গবেষণায় প্রবীণদের জীবনমানের সাথে জড়িত গৃহায়ণ, টয়লেট ব্যবহার, খাদ্য অভ্যাস প্রতিকূল অবস্থায় রয়েছে। এর পরিবর্তনের জন্য সরকার, এনজিও, প্রাইভেট সেক্টরের উদ্যোগ প্রয়োজন।
৪. প্রবীণদের অসুস্থতা বিষয় সচেতনতা ও শিক্ষার অভাব রয়েছে। স্বাস্থ্য মন্ত্রণালয় স্বাস্থ্য নীতি ও স্বাস্থ্য শিক্ষায় প্রবীণ স্বাস্থ্য বিষয়টি অন্তর্ভুক্ত করতে পারে। এ গবেষণায় দেখা গেছে, সরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনায় প্রবীণরা বেশী অবহেলিত।
৫. স্বাস্থ্য মন্ত্রণালয় ও বিশ্ব স্বাস্থ্য সংস্থা বাংলাদেশে মানসিক স্বাস্থ্য উন্নয়নে আইন প্রণয়ন ও গবেষণার উদ্যোগ নিচ্ছেন। কিন্তু এ উদ্যোগে প্রবীণদের মানসিক স্বাস্থ্যের বিষয়টি অন্তর্ভুক্ত হয়নি। কাজেই স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য বিভাগ প্রবীণদের মানসিক স্বাস্থ্য উন্নয়নে পর্যায়ক্রমে গবেষণা, চিকিৎসকদের অরিয়েন্টেশন, নীতি ও কৌশল অন্তর্ভুক্তি কর্মসূচী বাস্তবায়নে উদ্যোগ প্রয়োজন।
৬. ধূমপান বিরোধী প্রচারণায় নিয়োজিত সরকারী সংগঠন, এনজিওরা প্রবীণ ধূমপায়ীদের ব্যাপারে সচেতন নয়। এ সব সংস্থা প্রবীণদের টার্গেট করে প্রচারণা বৃদ্ধি করা উচিত।
৭. প্রবীণ নারীদের সামাজিক অংশগ্রহণ বাধা দূর করে, তাদের অংশগ্রহণ বাড়াতে নারী ও শিশু মন্ত্রণালয় গ্রাম ও নগর পর্যায়ে পদক্ষেপ প্রয়োজন।
৮. প্রবীণদের রাজনৈতিক ও সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণে উৎসাহিত করতে নির্বাচন কমিশন সিনিয়র সিটিজেন পরিচয়পত্র আলাদা ও ভিন্ন চিহ্ন ব্যবহার করতে পারে। এর ফলে সিনিয়র সিটিজেনগণ সরকারী সেবায় গুরুত্ব পাবেন।
৯. রাজউকসহ অবকাঠামো নিয়ন্ত্রনকারী সংস্থা সমূহ প্রবীণ ও প্রতিবন্ধীদের ব্যবহারের সুবিধা ও কৌশল অন্তর্ভুক্ত করতে পারে।
১০. মোবাইল ফোন ব্যবহারের মাধ্যমে স্বাস্থ্য সেবা মন্ত্রণালয় প্রবীণদের জরুরী স্বাস্থ্য সেবা ব্যবস্থা করতে পারে, টেলিফোন নিয়ন্ত্রক সংস্থা ও সেবা প্রদানকারীরা সমন্বিতভাবে মোবাইল ফোনের মাধ্যমে প্রবীণদের জরুরী স্বাস্থ্যসেবা থেকে শুরু করে আর্থিক ব্যবস্থাপনা, সামাজিকায়ন, জীবিকায়ন, নিরাপত্তা ইত্যাদির অনেক ধরনের পদক্ষেপ নিতে পারে।
১১. সরকারী ও এনজিওদের উদ্যোগে পরিচালিত লিগ্যাল এইড প্রবীণদের অন্তর্ভুক্ত ও সহায়তা দানকে অগ্রাধিকার দিতে পারে।
১২. সমাজকল্যাণ মন্ত্রণালয় প্রবীণ সংগঠন পরিচালনায় সহায়তার মাধ্যমে প্রবীণদের একটি অনুকূল পরিবেশ তৈরী করতে পারেন। ফলে প্রবীণ সংগঠন শক্তিশালী হবে, এই সংগঠনের প্রবীণরাই অসহায় পিছিয়ে পড়া প্রবীণদের জন্য কাজ করতে পারবেন।

## তথ্য সূত্র

১. National Institute of Mental Health and Hospital (Bangladesh) WHO Bangladesh, prevalence medical care, awareness and attitude towards mental illness, Bangladesh. Corresponding author: Prof. Abul Hasnat Mohammad Firoz.
২. Salim, Nasima, BRAC University, Satalkar, Priya, Family Health International (FHI)-2008; perception of mental health illness in Bangladesh Village
৩. Salma Bushra et all (2016) Psychiatric morbidity among patients in cardiac outpatient in national institute of cardio vascular disease Dhaka
৪. Ali Karamat, Shah Mohammad et all, Daffodil International University and Sir William Beveridge Foundation (undated)-Dementia, a public health problem among elderly in Dhanmondi and Kalabagan Thana in Dhaka City
৫. ড. হাবিবুর রহমান (২০০২) সামাজিক জ্বর বিজ্ঞানের ভূমিকা-বার্ষিকের সমাজ তত্ত্ব (২০০২)
৬. Chowdhury, Mustaque; Elderly in the health system-a global challenge and Phil experience, BRAC and James P. Grant school of Public health in Bangladesh 2005
৭. Kabir, Zarina Nahar; Primary healthcare life improving service in Bangladesh and Vietnam (PHILL)
৮. Hossain, G.M Monoware, The social Situation of aged people in Bangladesh, school of Public Health, University of Texas, at Houston (2000)
৯. Nilsson Jau, A.K.M Masud Rana and Zarin Nahar, Kabir, Social Capital is determinant as quality of life in old age: Resort from cross sectional study in rural Bangladesh. Stockholm gerontology research centre, Stockholm; Sweden
১০. Habib Tanzima Zohara, Socio psychological status of female head household in Rajshahi City, Cultural Anthropology, 2010



# সংযুক্তি

## গবেষণা এলাকার প্রোফাইল

১. তুমুলিয়া ইউনিয়ন : গাজীপুর জেলার কালীগঞ্জের তুমুলিয়া ইউনিয়ন আর্থ সামাজিক ভৌগলিক দিকে দিকে দিয়ে অগ্রসর। ২০০১ এর জরিপ অনুযায়ী এই ইউনিয়নে শিক্ষার হার ৭৫%, চেয়ারম্যানের মতে বর্তমানে (২০১৭ সনে) তাদের ইউনিয়নে শিক্ষার হার ৯০%। ২০১১ সনের আদমশুমারী অনুযায়ী এই ইউনিয়নে লোকসংখ্যা ৩৬,৭৮৫ এর মধ্যে ষাটোর্ধ্ব প্রবীণ জনসংখ্যা মোট জনসংখ্যার ৯.১৮%

এই ইউনিয়নে ৩০ টি গ্রাম ও মৌজা ২৫ টি, হাট বাজার ৩ টি। এই ইউনিয়নে শিক্ষা কাঠামো অনেক বিকশিত। সরকারি প্রাথমিক বিদ্যালয় ১৩টি, এর মধ্যে ৫ টি রেজিস্ট্রিকৃত এবং উচ্চ বিদ্যালয় ৬ টি, মাদ্রাসা ২ টি। ঐতিহাসিক দুটি খৃষ্টান মিশন এখানে বেশ পরিচিত - তুমুলিয়া মিশন এবং রাজামাটি মিশন। ২ টি কমিউনিটি হাসপাতাল রয়েছে। বয়স্ক ভাতা পাচ্ছেন প্রায় ৪০ জন প্রবীণ।

**প্রবীণদের আর্থিক পরিস্থিতি:** হত দরিদ্র ১২০ জন প্রবীণ রয়েছেন এ ইউনিয়নে। বিভিন্ন ক্ষুদ্র পেশাজীবী প্রবীণের সংখ্যা বেশি। এদের মধ্যে একটা বড় অংশ বর্তমানে নিয়মিত আয়ের মধ্যে নেই। মোট প্রবীণের ১৫% আছেন স্বচ্ছল। যাদের আয় ও সম্পদ কোটি টাকার কাছাকাছি। কিন্তু এদের মধ্যে যাদের বয়স ৭০ বছরের উর্ধ্ব ডায়াবেটিস, হৃদরোগ সহ বিভিন্ন রোগে ভুগছেন - চিকিৎসা খাতে অনেক ব্যয় করেছেন।



**মনঃ সামাজিক অবস্থা:** এই ইউনিয়নে কোন প্রবীণ কর্মসূচি নাই। ফলে প্রবীণদের মনঃসামাজিক বিষয় প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে কোন আলোচনা হয়নি। ফলে মনঃসামাজিক কোন ইস্যু নিয়ে কাজ করতে হলে - প্রবীণদের সংগঠিত ও সচেতন করতে হবে।

২. নাগরী ইউনিয়ন : গাজীপুর জেলার কালীগঞ্জের নাগরী ইউনিয়ন ধর্মীয় বৈচিত্র্য ও সংস্কৃতিতে একটি অনন্য ইউনিয়ন। এই ইউনিয়নে খৃষ্টান ধর্মাবলম্বীদের জন্য একটি বৃহৎ গীর্জা রয়েছে। এই ইউনিয়নে শিক্ষার হার তুমুলিয়া ইউনিয়নের তুলনায় কম, প্রায় ৪৯%। এই ইউনিয়নে শিক্ষা কাঠামো সুবিস্তৃত নয় - ১১ টি প্রাথমিক বিদ্যালয়, ৪ টি উচ্চ বিদ্যালয় ও ৪ টি মাদ্রাসা রয়েছে। ২০১১ সনের আদমশুমারী অনুযায়ী মোট জনসংখ্যা ৩৪,১০৩ জন; এর মধ্যে ষাটোর্ধ্ব প্রবীণ হচ্ছেন ৩,০৬৯ জন। প্রবীণরা মোট জনসংখ্যার প্রায় ৯% এর মতো। তবে ৬০-৬৪ বছরের সংখ্যা ১,০৯১ জন যারা মোট জনসংখ্যার ৩.২% এবং ৬৫ বছরের উর্ধ্ব ১,৯৭৮ যারা মোট ইউনিয়ন জনসংখ্যার ৫.৮% এর মত। এই ইউনিয়নে গ্রামের সংখ্যা ৫৪ টি এবং মৌজার সংখ্যা ৩১ টি এবং হাটবাজার ৫টি। ইউনিয়নে তিনটি কমিউনিটি ক্লিনিক রয়েছে।

**প্রবীণদের আর্থ সামাজিক পরিস্থিতি :** এই ইউনিয়নে প্রবীণদের মধ্যে ১০% হতদরিদ্র। যাদের আয় নেই ও পারিবারিক সুরক্ষা নাই। এই দরিদ্র প্রবীণদের একটি অংশ বয়স্ক ভাতা পাচ্ছেন এবং অন্যরা কষ্টকর জীবন যাপন করছেন; মধ্যবিত্ত প্রবীণ পারিবারিক সেবা পাচ্ছে না। অসুস্থ ও অচল হলেও দেখার কেউ নেই। অন্যদিকে খৃষ্টান সম্প্রদায়ের স্বচ্ছল প্রবীণরা দেশের বাইরে চিকিৎসা নেন।

**মনঃসামাজিক পরিস্থিতি :** নাগরী ইউনিয়ন রিক ২০০৭ সন থেকে গ্রামে গ্রামে প্রবীণ কমিটি গঠন করে। এই কমিটি একদিকে লবিং করে ভাতা ও সরকারি সেবায় প্রবীণদের অর্ন্তভুক্তি নিশ্চিত করে। অন্যদিকে প্রবীণদের প্রশিক্ষণ এর

মাধ্যমে সক্ষমতা, দক্ষতা বৃদ্ধি করে। নাগরী গ্রামেই প্রবীণ কমিটি রয়েছে। এই কমিটির সদস্যরা প্রবীণদের মধ্যে সভা, আন্তর্জাতিক প্রবীণ দিবস পালনে প্রচারণা চালায়। ফলে এখন প্রবীণদের মধ্যে ঐক্য সংহতি রয়েছে। তারা মন: সামাজিক সংকট থেকে মুক্ত হতে সক্রিয়।

৩. **খিদির পাড়া ইউনিয়ন** : খিদির পাড়া মুন্সীগঞ্জ জেলার লৌহজং উপজেলার একটি ইউনিয়ন। এটি একটি ক্রমবিকাশমান ইউনিয়ন। ২০১১ সনের আদমশুমারী অনুযায়ী এ ইউনিয়নের লোকসংখ্যা ১৮,৮৬২ জন। এর মধ্যে প্রবীণ জনসংখ্যা ১৭৩৫ জন (ষাটোর্ধ্ব জনগোষ্ঠী)। ইউনিয়নে নারী পুরুষের সংখ্যা প্রায় সমান, পুরুষ ৯,৫৯৫ এবং নারী ৯,২৬৭ জন। এ ইউনিয়নে মোট জনসংখ্যার প্রায় ৯% হচ্ছেন প্রবীণ, তন্মধ্যে ২.৮% হচ্ছেন ৬০-৬৪ বছর বয়সী এবং ৫.৮% হচ্ছেন ৬৪+ বয়সী প্রবীণ।


এ ইউনিয়নের শিক্ষা কাঠামোতে সরকারি প্রাথমিক স্কুলের সংখ্যা ৭। এখানে খিদিরপাড়া উচ্চ বিদ্যালয় নামে মাধ্যমিক বিদ্যালয় রয়েছে; বাসুদিয়া নেছারিয়া ইসলামিয়া সিনিয়র আলীম নামে একটি মাদ্রাসা রয়েছে।

**প্রবীণদের আর্থসামাজিক অবস্থা:** এ ইউনিয়ন বেশি দূর্যোগ প্রবণ হওয়ায় প্রবীণরা দূর্যোগে ক্ষতিগ্রস্ত হন। দরিদ্র প্রবীণরা জীবিকার সংকটে ভুগেন, স্বচ্ছল প্রবীণরা বেশির ভাগই ঢাকায় থাকেন, মাঝে মাঝে বাড়িতে আসেন।

**প্রবীণদের মনঃসামাজিক অবস্থা:** এখানে প্রবীণদের মনোসামাজিক অবস্থা খুবই দুর্বল। প্রবীণরা ক্রমান্বয়ে সামাজিক পরিসর থেকে দূরে সরে যাচ্ছেন। প্রবীণরা মনোসামাজিক বিষয়ে মোটেই সচেতন নয়, কোন সংগঠনই প্রবীণদের নিয়ে কাজ করে না।



৪. **আড়িয়াল বালিগাঁ ইউনিয়ন** : আড়িয়াল বালিগাঁ মুন্সীগঞ্জের টঙ্গিবাড়ী উপজেলার একটি বড় ইউনিয়ন। আড়িয়াল বালিগাঁও ইউনিয়ন পরিষদের অফিস টঙ্গিবাড়ী উপজেলা পরিষদ থেকে ৫ কিলোমিটার পশ্চিমে। এই ইউনিয়ন থেকে জেলা শহর মুন্সীগঞ্জ ও রাজধানী ঢাকার যোগাযোগ সহজ সড়ক পথ রয়েছে। এই ইউনিয়নে গ্রাম ২৯ টি, মৌজা ১৪ টি হাট বাজার ৩ টি। এই ইউনিয়নে ৩ টি ব্যাংকের শাখা রয়েছে। যথাক্রমে অগ্রণী, যমুনা এবং এশিয়া ব্যাংক। ইউনিয়ন পরিষদের দেওয়া তথ্য অনুযায়ী এই ইউনিয়নে শিক্ষার হার ৬৫% এবং অত্র ইউনিয়নের শিক্ষা কাঠামো তুলনামূলকভাবে সন্তোষজনক। ১১ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, কিংগারগার্টেন ২ টি, মাধ্যমিক বিদ্যালয় ২ টি, কলেজ ১ টি, মাদ্রাসা ৫টি। স্বাস্থ্য কাঠামোতে সরকারি-বেসরকারি উদ্যোগ রয়েছে। সরকারি স্বাস্থ্য উদ্যোগের মধ্যে পরিবার পরিকল্পনা কেন্দ্র ১ টি, কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্র ২ টি এবং বেসরকারি পর্যায়ে একটি প্রাইভেট ক্লিনিক রয়েছে।



২০১১ সনের আদমশুমারী অনুযায়ী এ ইউনিয়নে মোট জনসংখ্যা ২৭,১৭৮ জন। সংখ্যায় নারী-পুরুষের পার্থক্য খুবই কম, নারী জনসংখ্যা ১৩,৫১৬ এবং পুরুষ ১৩,৬৬২ জন। এ ইউনিয়নে প্রবীণ জনসংখ্যা মোট জনসংখ্যার ৯%। আদমশুমারী অনুযায়ী ৬০-৬৪ বছরের প্রবীণের সংখ্যা ৮৪৩ জন যা মোট জনসংখ্যার ৩.১% এবং ৬৫+ জনসংখ্যা হচ্ছে মোট সংখ্যার ৬.২%

**প্রবীণ জনগোষ্ঠীর আর্থসামাজিক সুরক্ষা :** বর্তমানে এ ইউনিয়নে ১০০ জন দরিদ্র প্রবীণ বয়স্কভাতা পাচ্ছেন। এ ইউনিয়নের দরিদ্র প্রবীণরা ক্ষুদ্র ব্যবসায়ের সাথে জড়িত। ঝাড়ু, মুদি দোকানদারী, ফেরিওয়ালা হিসেবে তারা আয়মূলক কার্যক্রমে সক্রিয় রয়েছেন। এ ইউনিয়নে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের উদ্যোগে সমৃদ্ধি কর্মসূচী রয়েছে, এ কর্মসূচির একটি উদ্যোগ হচ্ছে, “প্রবীণদের জীবনমান উন্নয়ন”, প্রবীণদের জীবনমান উন্নয়নের জন্য

অনুদান ও সহায়তা দেওয়া হয়ে থাকে। রিক এ সহায়তামূলক কর্মকাণ্ড বাস্তবায়ন করছে।

**প্রবীণদের মনঃসামাজিক অবস্থাঃ** অন্যান্য ইউনিয়নের মতো এ ইউনিয়নে কোন মনঃসামাজিক সমস্যা চিহ্নিত ও প্রতিকারের কোন ব্যবস্থা নেই। তবে ২০১৫ সন থেকে এ ইউনিয়নের প্রতি গ্রামে কমিটি গঠন করেছে; এ কমিটি প্রবীণদের জীবনের সমস্যাগুলো নিয়ে কাজ করছে। তারা পরিবার পর্যায়ে প্রবীণদের প্রতি নির্যাতনের বিষয়ে সালিশ করে থাকেন। এ প্রক্রিয়া অব্যাহত থাকায় প্রবীণরা মনঃসামাজিক সমস্যার প্রতিরোধের ক্ষমতা বেশি আছে এবং এ সমস্যায় কোন না কোন ভাবে কিছুটা সহায়তা পান।



**৫. টোনা ইউনিয়ন :** টোনা পিরোজপুর সদর উপজেলার একটি বিকশিত ইউনিয়ন। জেলা শহরের সাথে সড়ক পথে এ ইউনিয়নের ভাল যোগাযোগ রয়েছে। এ ইউনিয়নে কৃষি ও ব্যবসা পাশাপাশি চলছে। ২০১১ সালের আদমশুমারী অনুযায়ী এ ইউনিয়নের জনসংখ্যা ১২, ৮২৫। ইউনিয়নে পুরুষের তুলনায় নারীর সংখ্যা বেশি। পুরুষের সংখ্যা ৬,৮২৪ এবং নারীর সংখ্যা ৬,৫৪১ জন। প্রবীণ জনসংখ্যা ১,২০৫ জন যা মোট ইউনিয়নের জনসংখ্যার প্রায় ৯%। ৬০-৬৪ বছরের প্রবীণদের জনসংখ্যা মোট জনসংখ্যার ৩.৩% এবং ৬৫+ প্রবীণ জনসংখ্যা ৬.১%।

এ ইউনিয়নের শিক্ষা কাঠামো বেশ বিস্তৃত; ৮ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ২ টি মাধ্যমিক বিদ্যালয়, ১ টি কলেজ, ২ টি মাদ্রাসা। স্বাস্থ্য সেবার ক্ষেত্রে এ ইউনিয়নটি খুব পিছিয়ে নেই; ১ টি পরিবার কল্যাণ কেন্দ্র, ২ টি কমিউনিটি ক্লিনিক রয়েছে।

**প্রবীণদের আর্থ সামাজিক সুরক্ষাঃ** এ ইউনিয়নে হতদরিদ্র প্রবীণরা প্রায় সকলে বয়স্কভাতার অর্ন্তভুক্ত; অন্যদিকে মধ্যবিত্ত পরিবারের প্রবীণেরা আর্থিক সমস্যার চেয়ে সেবা, সহায়তার সংকটে আছেন।

**মনঃ সামাজিক অবস্থা :** এ ইউনিয়ন প্রবীণরা অপেক্ষাকৃত ভাল থাকার পরেও মনঃ সামাজিক সমস্যা নিয়ে তেমন সচেতন নন। এ ধরনের সমস্যা চিহ্নিত হয়না। এ ইউনিয়নে প্রবীণদের নিয়ে কোন সংগঠন না থাকায় প্রবীণদের মধ্যে বিচ্ছিন্নতা বাড়ছে; আর বিচ্ছিন্নতার কারণে মনঃ সামাজিক সমস্যা ঝুঁকির মধ্যে আছে।

**৬. কদমতলা ইউনিয়ন :** কদমতলা ইউনিয়ন পিরোজপুর জেলা শহরের উত্তরে পৌরসভা সংলগ্ন। এই ইউনিয়নে ১১ টি গ্রাম রয়েছে এবং মৌজাও ১১ টি, ৩ টি হাটবাজার রয়েছে। এই ইউনিয়নের শিক্ষা কাঠামো বিশেষ করে প্রাথমিক শিক্ষা কাঠামো অনেক বিস্তৃত। ইউনিয়নে মোট ১৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৪ টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, ১ টি কলেজ ও ৩ টি মাদ্রাসা রয়েছে। একটি সরকারি স্বাস্থ্য কেন্দ্র রয়েছে। এই ইউনিয়নে ২০১১ আদমশুমারী অনুযায়ী জনসংখ্যা ১৪,৩২৫ জন, নারী জনসংখ্যা পুরুষদের চেয়ে সামান্য বেশি। নারী ৭,১৯৪ জন আর পুরুষ ৭,১৩১ জন। এই ইউনিয়নে ২০১১ সনের আদমশুমারী অনুযায়ী ১,৪৮৯ জন প্রবীণ রয়েছেন ৬০- ৬৪ বয়সী প্রবীণদের সংখ্যা ৫০১ জন এবং মোট ইউনিয়নের জনসংখ্যার ৩.৫%, অন্য দিকে ৬৪+ প্রবীণদের সংখ্যা ৯৮৮ জন যা ইউনিয়নের মোট জনসংখ্যা ৬.৯%

**প্রবীণদের আর্থ সামাজিক সুরক্ষা:** এই ইউনিয়নে দরিদ্র প্রবীণদের একটি বড় অংশ বয়স্কভাতা পান। ভাতা প্রাপ্ত প্রবীণদের সংখ্যা ৪২৫ জন। দরিদ্র প্রবীণদের পারিবারিক সুরক্ষা অপেক্ষাকৃত ভাল। এই ইউনিয়নে রিক প্রায় ১২ বছর ধরে কাজ করছেন।

**রিকের কর্মসূচি ও ইউনিয়নের মনঃসামাজিক পরিস্থিতি :** রিক ২০০৭ সনে পরিকল্পিত ভাবে কদমতলার প্রতিটি কমিটি গঠন করে কমিটি সদস্যরা প্রথমে প্রতি মাসে, পরে ৩ মাস অন্তর সভা করেন। সভায় নির্দিষ্ট ভাবে অসুস্থ, দুঃস্থ প্রবীণদের তথ্য হালনাগাদ করা হয়ে থাকে। এই প্রক্রিয়ায় মনঃরোগে আক্রান্ত বিচ্ছিন্ন প্রবীণ চিহ্নিত হবেন। প্রবীণ



কমিটির সদস্যরা এই ধরনের প্রবীণদের পরিবারের সদস্যদের যোগাযোগ সহায়তা দিতে চেষ্টা করেছে। ফলে অনেক মন:সামাজিক সংকটে থাকা প্রবীণরা সামাজিক সহায়তা পান। কিন্তু রিকের এই কর্মসূচি আওতায় পেশাদার কাউন্সিলিং, মনরোগ চিকিৎসার মাধ্যমে কোন উদ্যোগ নেওয়া হয় নি; তবে এ রকম উদ্যোগ নেওয়ার পরিকল্পনা রয়েছে।







রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)  
বাড়ি নং ২০, সড়ক নং ১১ (পুরাতন-৩২), ঢাকা-১২০৯  
ফোন # ৮৮০-২-৫৮১৫২৪২৪  
ই-মেইল: ricdirector@yahoo.com  
ওয়েব: www.ric-bd.org